দশকুসুমম্

(স্তোত্রকাব্যম্)

শিবাষ্টকঞ্চ

কবি পণ্ডিত

হরচন্দ্র কাব্যতীর্থ বিরচিতম্

তদাত্মজেন

শ্রীনীরদচন্দ্র চক্রবর্ত্তি কাব্যতীর্থেন

টিপ্পন্যা পদ্যানুবাদেন চ

সংযোজিতম্

প্রকাশক :
শ্রীঅলকেশ চক্রবর্ত্তী
গার্ডেন রোড্
কলিকাতা—৩৯

মুদ্রাকর :
শ্রীসুরেন্দ্রনাথ দাস
বাণীরূপা প্রেস
৯এ, মনমোহন বসু ষ্ট্রীট
কলিকাতা—৬

বিনিময়মানং মুদ্রাচতুষ্টয়ম্

দশকুসুমম্

নিবেদন

ভগবৎকরুণায় স্বর্গীয় পিতৃদেব হরচন্দ্র কাব্যতীর্থ মহাশয়ের রচিত 'দশকুসুম' স্তোত্রকাব্যের বঙ্গাক্ষরে দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল। তাঁহার জীবিত কালে রচনাবলীর মধ্যে কেবল এই কাব্যখানিই মুদ্রিত হইয়াছিল ১২৯৬ সালে।

এই স্তোত্রকাব্যের ভূমিকা লিখিয়াছেন—'বিশ্বভারতী' বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা অধ্যাপক, সুসাহিত্যিক, নানাশাস্ত্র প্রবীণ, পণ্ডিত প্রবর শ্রীযুক্ত সুখময় সপ্ততীর্থ মহাশয়। পিতৃদেবের রচিত 'শুকদূত' ও 'দশকুসুম' এই কাব্যদুইটির মুদ্রণে তাঁহার মত সুপণ্ডিত ব্যক্তির বিবিধ আনুকূল্য লাভ করিয়া আমি অসামান্য আনন্দ ও গৌরব বোধ করিতেছি।

এই পুস্তকে মূল রচনার সহিত সংস্কৃত টিপ্পনী ও বাংলা পদ্যানুবাদ যোজিত হইয়াছে। মহাবিদ্যার এই স্তোত্র কাব্যে কবি তন্ত্রাদি নানা শাস্ত্রের আনুষঙ্গিক মর্ম্মার্থ গ্রহণ করিয়াছেন। বিবৃতি থাকিলে সাধারণ সংস্কৃতজ্ঞ পাঠকেরও মূলের অর্থ গ্রহণে অসুবিধা হইবেনা মনে করিয়া প্রয়োজনীয় স্থলে যথামতি সংক্ষিপ্ত টিপ্পনী দিয়াছি। বাংলা পদ্যানুবাদে ত্রুটি আছে অনেক। অভিজ্ঞগণ জানেন, সংস্কৃত ভাষার অনেকার্থ-বোধক, পদের বা বাক্যের পদ্যানুবাদ কিরূপ দুষ্কর, আর একার্থবোধক বাক্যেরও পদ্যানুবাদে অনেক স্থলে সকল শব্দের স্থান দেওয়া কতখানি কঠিন হইয়া পড়ে। আমি প্রধানতঃ ভাবানুবাদ করিলেও স্থল বিশেষে মূলের মর্ম্মানুবাদ করিতে বাধ্য হইয়াছি। অনুবাদের পদ্য, কোথায়ও মূলার্থবহনের দায়িত্ব নিয়াই সামান্য ইতস্ততঃ পদচারণার স্বাধীনতাও নিয়াছে। তথাপি এই অনুবাদের দ্বারা অন্ততঃ সংস্কৃত ভাষায় অনভিজ্ঞ ব্যক্তিগণ, মূলের মর্ম্মার্থ গ্রহণে কিছুটা সুবিধা পাইলে প্রয়াস সার্থক মনে করিব।

তন্ত্রশাস্ত্রে অজ্ঞতা বশতঃ দশকুসুমের তৃতীয় স্তবকের প্রথম শ্লোকটির প্রকৃত অর্থ অনেক চেষ্টাতেও অনেক কাল বুঝিতে পারি নাই। তন্ত্রসার প্রভৃতি কয়েকটি গ্রন্থে এবং কতিপয় পণ্ডিত মহাশয়ের নিকটে জিজ্ঞাসার সমুচিত উত্তর না পাইয়া গুরুদেবের শরণাপন্ন হই। আমার পরমারাধ্য দীক্ষাগুরু, সুসঙ্গরাজগুরু, কাঁথি-গভর্ণমেণ্ট সংস্কৃত কলেজের প্রবীণ অধ্যাপক শ্রীযুক্ত ভূতেশচন্দ্র তর্কস্মৃতিতীর্থ মহাশয় আমার উক্ত শ্লোকের তান্ত্রিক ব্যাখ্যা ও প্রমাণ দ্বারা সকল সংশয় দূর করিয়া তন্ত্রশাস্ত্র পাঠের আদেশ করেন। উল্লিখিত শ্লোকটির টিপ্পনী আমি তৎপ্রদত্ত প্রমাণ মূলেই লিখিয়াছি। পরবর্ত্তীকালে গুরুদেবের আদেশক্রমে ও আশীর্ব্বাদে অনেক তন্ত্রেরই পল্লবগ্রাহী হইয়াছি। তিনটি তন্ত্রে আমার সন্দিগ্ধ বিষয়ের বিশদ বিবরণও পাইয়াছি।

পিতৃদেবের জন্ম ১২৬৯ সালে সোমেশ্বরী-তীরে সুসঙ্গ ভাটনীচকা গ্রামে, অবসান ১৩১১ সালে সেরপুর সহরে সেরী-তটে। তাঁহার জীবন ভাগ্যবিধাতার আশীর্ব্বাদ-পুষ্ট ছিলনা। ছয়মাস বয়সে তদীয় পিতা পণ্ডিত শম্ভুনাথ বাচস্পতি মহাশয় দেহত্যাগ করেন, মাতুল পাঁচপাই-শিমুলাটীনিবাসী বিখ্যাত স্মার্ত্ত পণ্ডিত কালীকিশোর বিদ্যারত্ন মহাশয়, ভগিনী ও ভাগিনেয়কে আনিয়া স্বগৃহে আশ্রয় দেন এবং পরম স্নেহে যথোচিত কর্ত্তব্য করেন। নবম বৎসর বয়সে পিতৃদেব তদীয় জননী উমাসুন্দরী দেবীর মৃত্যুর পরে বিদ্যার্থী হইয়া সেরপুরে যান ও প্রখ্যাত অধ্যাপক, বশিষ্ঠকল্প পণ্ডিত প্রবর দুর্গাসুন্দর কৃতিরত্ন মহাশয়ের আশ্রয় লাভ করেন। সুদীর্ঘকাল আদর্শ গুরুর অন্তেবাসী থাকিয়া নানা শাস্ত্রে পাণ্ডিত্য অর্জ্জন করেন।

সেকালে সেরপুর ছিল ঋষিকল্প পণ্ডিত মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয় প্রমুখ যশস্বী পণ্ডিত বর্গের ব্যক্তিত্বে এবং মহানুভব কিশোরী মোহন চৌধুরী প্রমুখ বিদ্বান্, ও গুণগ্রাহী ভূস্বামিবৃন্দের চেষ্টায়

সমুজ্জ্বল। এজন্য পিতৃদেব আবাল্য পরিচিত ও প্রিয় সেরপুর সহরেই অধ্যাপনা-প্রধান জীবিকা গ্রহণ ও কালান্তরে নিবাস স্থাপন করেন। পাণ্ডিত্য, কবিত্ব ও চরিত্রের বৈশিষ্ট্যে ক্রমে তিনি সেরপুরে ও বাহিরে প্রভূত খ্যাতি লাভ করেন।

শুনিয়াছি, দারিদ্র্য সত্বেও তাঁহার ত্যাগ ও তুষ্টি অব্যাহত ছিল। কোনও দিন কোথায়ও অবিহিত গ্রহণ বা অর্থের প্রার্থনা করেন নাই। অনেক উপস্থিত বৈষয়িক সুযোগ উপেক্ষা করিয়াছেন। শান্ত, পবিত্র জীবন প্রধানতঃ নিত্যকর্ম্মে ও সারস্বত সাধনায় নিয়োজিত ছিল। প্রতিষ্ঠার মুখে অনেকটা অকালেই তাঁহার দৈষাহত জীবনে যবনিকা পড়িয়াছিল।

দশকুসুমের রচনা ও কাল লক্ষ্য করিলে বুঝা যায়—প্রথম বয়সেই কবির চিত্তে দেব-বিষয়া রতি যথেষ্ট পরিণতি লাভ করিয়া ছিল। তাঁহার দীক্ষাগুরু ছিলেন (সুসঙ্গ বাকলজোড়া গ্রাম নিবাসী) রাজগুরু বংশীয় প্রবীণ পণ্ডিত ও তন্ত্রবিৎ কাশীচন্দ্র ন্যায়রত্ন মহাশয়। জানিনা, হয়তঃ কবির কিশোর মনে পড়িয়াছিল কুলদেবতার কৃপার সহিত সাধক দীক্ষাগুরু, বশিষ্টকল্প শিক্ষাগুরু ও আদর্শ নৈষ্ঠিক তদীয় মাতুল মহাশয়ের প্রভাব।

দশকুসুমের সহিত পিতৃদেবের 'শিবাষ্টক' স্তোত্রটিও মুদ্রিত হইয়াছে। ইহা দ্ব্যর্থবোধক রচনা, শিবও শিবার স্তুতি। স্তোত্রটির নীচের লেখায় জানিয়াছি, রচয়িতা কোন বিশেষ সঙ্কল্প করিয়া প্রতিদিন এক একটি শ্লোক রচনা পূর্ব্বক পূজাকালে অষ্টাহ স্তুতি করিয়াছিলেন। ফল হইয়াছিল আশাতিরিক্ত।

কয়েক মাস পূর্ব্বে বিহার সরকারের 'মিথিলানুসন্ধান সংস্থা' (The Mithila Institute of post Graduate studies and Resarch in Sanskrit learning' Darbhanga) হইতে প্রাচীন কবির রচনা রক্ষার উদ্দেশ্যে পরম সমাদরে পিতৃদেবের 'দশকুসুম' ও শুকদূত' নামক কাব্য দুইখানি (সটীক) নাগরাক্ষরে মুদ্রিত এবং ভারতে ও বাহিরে প্রচারিত

হইয়াছে। এ জন্য আমি বিহার সরকার ও সুযোগ্য ডিরেক্টর ডঃ শ্রীযুক্ত সিতাংশু বাগচী প্রমুখ সহৃদয় পরিচালক বৃন্দের প্রতি অতিশয় কৃতজ্ঞ।

পিতৃদেবের মৃত্যুকালে আমার অগ্রজ (অধ্যাপক কুমুদ চন্দ্র স্মৃতি ব্যাকরণতীর্থ বিদ্যালঙ্কার) মহাশয়ের বয়স ছিল ছয় বৎসর ও আমার আড়াই বৎসর। আমাদের পরমারাধ্যা জননী মনোমোহিনী দেবী যথাশক্তি যত্ন নিয়া পিতৃদেবের রচনা গুলি রক্ষা করিয়াছিলেন। পরবর্ত্তী কালে আমরা ১১।১২ খানি রচনা পাইয়াছিলাম, কিন্তু অর্থ ও সুযোগের অভাবে সে সব মুদ্রিত করিবার সৌভাগ্য সারা জীবনেই পাই নাই। অগ্রজ মহাশয় অনেক বৎসর পূর্ব্বেই মহাযাত্রা করিয়াছেন আমারও যাত্রিক লগ্ন আসন্ন। চরম কালে পিতৃদেবের প্রসাদে তদীয় রচনাবলীর মধ্যে তিনখানি রচনা (শুকদূতম্, দশকুসুমম্, শিবাষ্টকম্) মুদ্রিত হওয়ায় এক অপূর্ব্ব আনন্দ পাইতেছি। যে উদারাশয় ব্যক্তিগণ নিজগুণে আমার এই পিতৃযজ্ঞ সম্পাদন করাইয়াছেন তাঁহাদের উজ্জ্বল চরিত্র, আমার জন্মান্তরেও যেন মনোমন্দির আলোকিত রাখে।

আমার পরম বান্ধব বিদ্বান্ ও বিদ্যোৎসাহী শ্রীযুক্ত সতীশচন্দ্র অধিকারী বি. এ, মহাশয়ের অতুলনীয় সৌজন্যের কথা আজ বিশেষভাবে স্মরণ হইতেছে। ইনি মুদ্রণ সংক্রান্ত যাবতীয় প্রয়াস স্বয়ং গ্রহণ করিয়া আমাকে নিশ্চিন্ত রাখিয়া, অসুস্থ অবস্থায়ও সযত্নে পুস্তকগুলি মুদ্রিত করাইয়া দিয়াছেন। ইহার এই নিঃস্বার্থ মৈত্রী আমাকে কৃতজ্ঞতাপাশে চির আবদ্ধ করিয়াছে।

পরিশেষে প্রার্থনা, এই কবিকৃতি সহৃদয় রসিক জনের সমাদর লাভে ধন্য হউক।

ইতি

কলিকাতা
শিব চতুর্দ্দশী
১৩৬১

বিনীত নিবেদক
শ্রীনীরদচন্দ্র দেবশর্ম্মণঃ।

ভূমিকা

পূর্ব্ববঙ্গের ময়মনসিংহ জিলা সংস্কৃতজ্ঞ বিশিষ্ট মনীষিবর্গ ও স্বধর্ম্মনিষ্ঠ বদান্য ভুস্বামিগণের বাসভূমি। পাকিস্তান হওয়ার পর শুধু ময়মনসিংহই নহে, সমগ্র পূর্ব্ববঙ্গই তাহার অনেক গৌরব হইতে বঞ্চিত হইয়াছে। অনেক শক্তিসাধক উচ্চশ্রেণীর ব্রাহ্মণের আবাসস্থল ময়মনসিংহের সুসঙ্গ পরগণায় পবিত্র ব্রাহ্মণ পণ্ডিত পরিবারে ঊনবিংশ শতাব্দীর শেষ ভাগে কবি হরচন্দ্র কাব্যতীর্থ মহাশয়ের আবিভাব ঘটে।

বঙ্গবিশ্রুত স্মার্ত্ত ময়মনসিংহ সেরপুরের পণ্ডিত দুর্গাসুন্দর কৃতিরত্ন মহাশয় ছিলেন হরচন্দ্রের অধ্যাপক। কৃতিরত্ন মহাশয় স্মার্ত্ত রূপে সুপ্রসিদ্ধ হইলেও সর্ব্ব শাস্ত্রজ্ঞ খ্যাতিবিমুখ স্বভাবকবি ছিলেন। তাঁহার অনেক কীর্ত্তিকলাপের কথা অধ্যাপক পরম্পরায় আমরা শুনিয়াছি। এ হেন ঋষিকল্প অধ্যাপক মহাশয়ের অন্তেবাসী প্রতিভাবান্ হরচন্দ্র অনেক শাস্ত্রেই ব্যুৎপত্তি লাভ করিয়াছিলেন। তাঁহার রচিত কাব্যমালা হইতে তাঁহার ব্যুৎপত্তি এবং সহজাত কবিত্বের পরিচয় পাওয়া যায়।

জগজ্জননী মহাশক্তি মহাদেবকে বিমোহিত করিবার নিমিত্ত লীলাচ্ছলে যে দশটি রূপ ধারণ করিয়াছিলেন, সেই দশটি রূপ হইতেছে—কালী (শ্যামা), তারা, ষোড়শী (রাজরাজেশ্বরী, ত্রিপুরা সুন্দরী), ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী ও কমলাত্মিকা। লীলাচ্ছলে প্রকটিত এই দশ জন দেবীকে তন্ত্রশাস্ত্রে দশ মহাবিদ্যা বলা হইয়াছে। চামুণ্ডাতন্ত্রের বচন হইতে জানা যায়—এই দশ জনই মহাবিদ্যা ও সিদ্ধবিদ্যা। কালী ও তারা মহামহাসিদ্ধবিদ্যা। ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা ও ধূমাবতী মহাসিদ্ধবিদ্যা। বগলা, মাতঙ্গী ও

কমলাত্মিকা সিদ্ধমহাসিদ্ধবিদ্যা। উপাসনায় বিভিন্ন অনুষ্ঠানের নিমিত্তই মহাবিদ্যার এইরূপ সংজ্ঞা নির্দ্দিষ্ট হইয়াছে।

আসাম, বঙ্গদেশ ও মিথিলায় শাক্ত উপাসক সম্প্রদায়ের মধ্যে কালী ও তারার উপাসনাই সমধিক। দাক্ষিণাত্যে ষোড়শীর উপাসকের সংখ্যা বেশী।

কবি হরচন্দ্র এই দশ মহাবিদ্যার স্তোত্র রূপে 'দশকুসুমম্' কাব্যখানি রচনা করিয়াছেন। স্তোত্রগুলি পাঠ করিলে বোঝা যায়—হরচন্দ্র শুধু কবি নহেন, তিনি একজন উচ্চ কোটির সাধকও ছিলেন। দশটি স্তোত্রকে দশটি কুসুমস্তবক রূপে কল্পনা করিয়া মহাশক্তির প্রীতি কামনায় দরিদ্র সেবক প্রত্যেক মহাবিদ্যার চরণে এক একটি স্তবক নিবেদন করিতেছেন। পূজামন্দিরের আঙ্গিনায় দাঁড়াইয়া আমরাও যেন কুসুম স্তবকের সৌরভে দেবীর আশীর্ব্বাদ লাভে ধন্য হইতেছি।

দেবীর পাদপদ্মে সমর্পিত কুসুমস্তবক গ্রন্থকার তাঁহার গুরু কৃত্তিরত্ন মহাশয়কে উৎসর্গ করিতেছেন। এই উক্তর-প্রতিপত্তির কল্পনা ও বচন-বিন্যাস অতি সমীচীন। ইহাতে প্রসঙ্গতঃ কৃত্তিরত্ন মহাশয়কেও পূজা করা হইয়াছে।

অনুপ্রাসঝঙ্কৃত উপমাবহুল স্তোত্রমালার ভাব, ভাষা, গুণ, রীতি, অলঙ্কার ও ছন্দঃ বিশেষরূপে লক্ষ্য করিবার মত। এরূপ প্রসন্নমধুর রচনা সহজ কবির পক্ষেই সম্ভবপর। আলঙ্কারিক মতে দেবতাবিষয়া রতি যদিও প্রকৃত রস নহে, ভাব মাত্র, তথাপি ভক্তহৃদয়ের আকূতিতে রচনা রসোত্তীর্ণ হইয়া উজ্জ্বলতর হইয়াছে। তুল্যস্কন্ধ রসভাবের সামরস্যে কুসুমস্তবক যেন অর্দ্ধনারীশ্বর মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে।

ভক্ত কবি হরচন্দ্র সাধক রামপ্রসাদের মত মা-এর কাছে শিশু-সন্তানের আব্দারের সুরে অনেক কিছু প্রকাশ করিয়াছেন এবং দেবীর স্বরূপ বর্ণনায় নানাবিধ চমৎকার কল্পনাও করিয়াছেন।

দিগ্‌বসনা শ্যামার সম্বন্ধে তিনি কহিতেছেন—'লজ্জাং কিমৃচ্ছতি জনোঽভিমুখে তিরশ্চঃ ?' রামপ্রসাদের—'মা আর কি দেখছ বসে। যদি তারা থাকতে নিভে বাতি মা, শুনিলে বিপক্ষ হাসে'—গানের মত তৃতীয় স্তবকে কবি বলিয়াছেন 'তব জননি নাম্নোঽপ্যপযশঃ' ইত্যাদি। পঞ্চম স্তবকে কবি নিজেকে অসুরাধিক মনে করিয়া জননীর হাতে জীবন নাশ এবং তজ্জনিত মুক্তি প্রার্থনা করিতেছেন। ছিন্নমস্তার স্তোত্রে জননীর রুধিরলালসা এবং সখীগণকে স্বরুধির দানের তাৎপর্য্য কল্পনে বিশেষত্ব পরিস্ফুট। অষ্টম স্তবকে জননীর পারিবারিক অশান্তি কল্পনাপূর্ব্বক কবি প্রার্থনা করিতেছেন, বৃদ্ধা জননী যেন সেবক পুত্রের আশ্রয়েই বাস করেন। এই প্রকার আরও নানারূপ প্রার্থনা দেখিতে পাওয়া যায়।

এই স্তোত্রগুলি বিদ্বজ্জনের নিকট বিশেষ সমাদর পাইবে ইহাতে সন্দেহ নাই। অকালে পরলোকগত কীর্ত্তিমান্ কবি হরচন্দ্র পুণ্যবান্ ছিলেন। (পুত্রে যশসি তোয়ে চ নরাণাং পুণ্যলক্ষণম্।) তাঁহার সুযোগ্য পুত্র পণ্ডিত শ্রীনীরদচন্দ্র চক্রবর্ত্তী কাব্যতীর্থ মহাশয় পিতার অমূল্য গ্রন্থখানি স্বকৃত সংস্কৃত টিপ্পনী ও পদ্যানুবাদ সহ প্রকাশ করিতেছেন। শ্রাবণের ধারার মত মহাগুরুর আশীর্ব্বাদ তাঁহার শিরে বর্ষিত হইবে। আমরাও গ্রন্থখানির নির্ব্বিঘ্ন প্রকাশের আশা পোষণ-পূর্ব্বক প্রকাশক মহাশয়কে ধন্যবাদ দিয়া বলিতেছি—'শিবাস্তে সন্তু পন্থানঃ।'

৭ই ভাদ্র, ১৩৬১ বঙ্গাব্দ
শান্তিনিকেতন।

শ্রীসুখময় শর্ম্মা (ভট্টাচার্য্য)
(অধ্যাপক বিশ্বভারতী-বিশ্ববিদ্যালয়)

দশকুসুমম্

প্রতিপত্তিঃ (ক)

অভূদ্ দ্বিজঃ কাশ্যপ-বংশ তংসো

নিঃশেষ-শিষ্যার্চ্চিত-পাদ-পদ্মঃ।

বাচস্পতি-খ্যাতি ধরো বরীয়ান্

মনীষিণাং সংসদি শম্ভুনাথঃ ॥ খ

তদাত্মজঃ শ্রীহর চন্দ্র শর্ম্মা

প্রীত্যৈ মৃড়ান্যা দশকং দশভ্যঃ।

বিদ্যা-ভিদাভ্যঃ কুসুমং দরিদ্রঃ

প্রত্যেক মেকৈক মহং দদানি ॥ গ

টিপ্পনী।

(ক) প্রতিপত্তিঃ প্রতিপাদনং দান মিতিযাবৎ।

অনুবাদ।

দান

ছিলেন কাশ্যপ-কুল-শেখর মহান্

শম্ভুনাথ বাচস্পতি পণ্ডিত-প্রধান।

রাজদরবারে মান্য পণ্ডিত সভায়,

পূজিত অগণ্য শিষ্য যত যাঁর পায় ॥ খ

হরচন্দ্র শর্ম্মা আমি আত্মজ তাঁহার

শিবানীর প্রীতি-হেতু দিব উপহার।

উত্তর প্রতিপত্তিঃ।

মহামহোপাধ্যায় পূজ্যপাদ উপাধ্যায়
শ্রীযুক্ত দুর্গাসুন্দর কৃতিরত্ন মহাশয় গুরো

দেবার্পিতং সৎফলদং ন তাবদ্
যাবদ্ দ্বিজো ন প্রতিপদ্যতে তৎ।
নাপ্যেষ তাবৎ প্রতিপাদ্যদর্শী
প্রজ্ঞা ন যাবদ্ ব্যতিভাতি চক্ষুঃ॥ ক

পরঃশতানাং পঠতাং বটূনা
মহর্নিশং যস্য গুরো র্যশাংসি।
শ্রুতি-স্মৃতি-গ্রন্থন-হারি-কর্ণা
সরস্বতী স্তৌতি বিশুদ্ধবর্ণা॥ খ

প্রতিপদ্যতে স্বীকরোতি। এষ দ্বিজোঽপি তাবৎকালং প্রতিপাদ্য-দর্শী (দৃশে র্জ্ঞানার্থত্বাৎ স্বীকারস্যাপি জ্ঞানবিশেষত্বাৎ) প্রতিপাদ্যং দেয়ং দ্রব্যং দ্রষ্টুং স্বীকর্ত্তুং অথবা (অযোগ্যতয়া তৎসন্নিধা বনুপস্থিতেঃ) বিলোকয়িতু মপি ন শক্নোতি, যাবৎ কালং প্রজ্ঞা জ্ঞানরূপং চক্ষু র্ন ব্যতিভাতি স্ফুরতি। উভয়ত্র ক্রমশঃ প্রমাণম্—"দেবে দত্ত্বা তু দানানি দেবে দদ্যাচ্চ দক্ষিণাম্। তৎসর্ব্বং ব্রাহ্মণে দদ্যাদন্যথা নিস্ফলং ভবেৎ॥ ইতি প্রায়শ্চিত্ততত্ত্ব ধৃত মৎস্য সূক্তীয়ম্ তথা "ব্রাহ্মণ স্বন-ধীয়ান স্তৃণাগ্নিরিব শাম্যতি। তস্মৈ হব্যংন দাতব্যং নহি ভস্মনি হূয়তে॥" ইতি মনৌ তৃতীয়ে। রূপকালঙ্কারঃ। ক

যস্য ভবেতি যোজনা। সরস্বতী বাগ্ দেবতা বাক্‌চ। শ্রুতে—

দশ মহাবিদ্যা-পদে দরিদ্র সেবক
প্রত্যেকে একটি করে' কুসুম স্তবক॥ গ

ন কেবলং যো নিজ-ধী-তরণ্যা
গভীর-বিদ্যাম্বুধি-পার-দর্শী।
অভীষ্ট দেবার্য্যম-গো-দ্বিজানাং
সপর্য্যয়াপি প্রথিতো মহর্ষিঃ॥ গ
দেবার্চ্চনা-পূত মতোহথবা তে
যদস্তি হার্দ্দিং ময়ি তেন তাত।
অসৌরভং নীরস মপিতং তে
তস্মৈ ময়েদংকুসুমং গৃহাণ॥ ঘ

র্বেদস্য স্মৃতে র্মন্বাদিশাস্ত্রস্য চ যদ্ গ্রন্থনং রচনা, তেন হারিনৌ মনোহরৌ কর্ণৌ যস্যাঃ, অন্যত্র তয়োর্যদ্ গ্রন্থনং পরস্পর সম্বন্ধ স্তেন হারিণঃ হরণ-ব্যাপার যুক্তাঃ (হরণংহার স্ততো মত্বর্থীয় ইনিঃ) আকৃষ্টা ইত্যর্থঃ, কর্ণা অন্যেষাংশ্রুতয়ো যয়া। অনুপ্রাস-শ্লেষাবলঙ্কারৌ। খ

য স্তমিতি যোজনা। তস্মৈ তে ইতি পরত্র সম্বন্ধঃ। পরম্পরিত রূপকালঙ্কারঃ। গ হার্দ্দিং স্নেহঃ। ঘ

পরবর্ত্তী দান।

দেবে দত্ত, ফল নাহি দেয় ততক্ষণ
যতক্ষণ না করেন দ্বিজ তা' গ্রহণ।
দত্ত বস্তু দেখিবারও নাহি অধিকার
যে পর্য্যন্ত প্রজ্ঞা-চক্ষু ফোটেনা তাঁহার। ক
শত শত পাঠ-রত ব্রাহ্মণ-সন্তান
দিবানিশি যে গুরুর গায় যশোগান।
শুদ্ধবর্ণা বাণী যাঁর জন-চিত্ত-হরা,
শ্রুতি-স্মৃতি-সুললিত, কর্ণে মধু-ঝরা। খ

মনীষা-তরণী-যোগে বিদ্যা-সাগরের
পারদর্শী শুধু নন যে গুরু মোদের।
গো-ব্রাহ্মণ-রবি ইষ্টদেব-অর্চ্চনায়
মহর্ষিও যিনি, খ্যাত জ্ঞানে তপস্যায়। গ
পবিত্র বলিয়া ইহা দেবতা-পূজায়
অথবা যে স্নেহ তব রয়েছে আমায়।
তারই বলে দিনু তোমা' নিগন্ধ-নীরস
এ কুসুম লহ তাত, হয়ে কৃপা-বশ। ঘ

ব্রহ্মাণ্ড-বাহ্য-বসতি র্জগতাং প্রসূতিঃ
স্থূলাতি সূক্ষ্ম-বিষয়ানুবিশদ্বিভূতিঃ।
সৃষ্টি-স্থিতি-প্রলয়কৃৎ-ত্রিগুণ-ত্রিশক্তিঃ
শ্যামাঙ্গিনী বসতু চেতসি কাপি শক্তিঃ॥১
ভূশায়িনোঽস্থ্যয়ুধে সহসৈব পত্যুঃ
ক্ষীরাম্বুধৌ বুরসি নীল-সরোজ-কল্পঃ।
জীবাতবে তব ধৃত শ্চরণোঽথ মাত-
র্লজ্জাং বিদষ্ট-রসনাং জনয়ন্নিবাব্যাৎ॥২

বাহ্যং বহিঃ 'সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ' ইত্যাদি প্রয়োগশ্চ, যদ্বা বহির্ভবঃ বাহ্যঃ ব্রহ্মাণ্ডবহির্দেশঃ, ন কেবল মস্যা ব্রহ্মাণ্ড এবোতপ্রোতসত্তা কিন্তু তদ্বহিরপ্যচিন্ত্যাব্যক্তস্বরূপেণেত্যভিপ্রায়ঃ। সৃষ্টি-স্থিতি-প্রলয়-কৃত স্ত্রিগুণস্য রজঃ-সত্ত্ব-তমোগুণাত্মক-ব্রহ্ম-বিষ্ণু-রুদ্র-রূপস্য পরমেশ্বরস্য ত্রিশক্তিঃ ব্রহ্মাণী-বৈষ্ণবী-রুদ্রাণী-রূপ-শক্তিত্রয়-মিত্যর্থঃ। 'সৃষ্টি-স্থিতি বিনাশানাং শক্তি ভূতে সনাতনি' ইতি দেবী মাহাত্ম্যঞ্চ। শ্যামমঙ্গং শ্যামাঙ্গম্, তদস্যা অস্তীতি মত্বর্থীয়ঃ, লীলয়া

ব্রহ্মাণ্ডের মাঝে বিশ্ব চিরবন্ধ, বাহিরেও তুমি
বিশ্ব-প্রসবিনি, আছ স্থূলে-সূক্ষ্মে জুড়ে' সর্ব্বভূমি।
সৃষ্টি-স্থিতি-লয়কারী ত্রিগুণের ত্রিশক্তি-আবাস
ব্রহ্মাণী, বৈষ্ণবী, শিবা। শ্যামা, মোর চিত্তে কর বাস।১
মা, ঘোর অসুর যুদ্ধে তোমা' হেরি' ভয়ে অচেতন
পতিত পতির বক্ষে ধরেছ যা' রক্ষিতে জীবন
ক্ষীরাব্ধির বুকে যেন নীল পদ্ম, তব সে-চরণ,
আনিয়াছে বুঝি লাজ, জিভে দাঁত? করুক পালন।২

ভীতে গতেঽপ্যভয় মেক করাদভীতি-
প্রাচুর্য্য মর্পিতুমনা ইব ভক্ত বৃন্দে।
কেয়ূর ঘৃষ্টি রণিতানয়ি ভীমকান্তে
কাঞ্চীচ্ছলাৎ কটিতটে কুরুষে করৌঘান্।। ৩

দোষ্ণো হরিন্মণিময়াংশ্চতুরো বিধায়
স্তম্ভান্ জগদ্-গুরু-গৃহাস্র-চতুষ্টয়েষু।
ভূয়ঃ স্খলেয়ুরিতি জিহ্মগ-রজ্জু-বদ্ধা-
নীশে করোষ্যয়ি নমামি সতর্কতাং তাম্॥ ৪

লোকানুগ্রহার্থং শ্যামাঙ্গধারিণী নতু স্বরূপতঃ শ্যামৈবেতি বিশেষার্থ-প্রতিপত্তয়ে ন বহুব্রীহিঃ স্বীকৃতঃ। বসন্ততিলকং বৃত্তম্।১ অসুরাণাং মৃধে যুদ্ধে। ভূশায়িনো ভিয়া ভুবি নিপততঃ। জীবাতবে জীবিতায় 'জীবাতু রস্ত্রিয়াং ভদ্রে জীবিতে জীবনৌষধে' ইতি মেদিনী। প্রথমং সাধারণ ধিয়া পদমর্পয়ন্ত্যা অনন্তরং পতিধিয়া লজ্জায়া উদ্রেক ইতি ভাবঃ।২ ভীমকান্তে ইতি সম্বোধনম্, ভীমাচাসৌ কান্তা কমনীয়েতি অথবা ভীমস্য রুদ্রস্য কান্তেতি। অর্পিতুমনা ইবেত্যুৎ প্রেক্ষা।৩ জগদিতি বিশ্বরূপ-বৃহদ্-গৃহ চতুষ্কোণেষু। দোষ্ণো বাহূন্। রূপকালঙ্কারঃ।৪

ভীত ভক্তগণে দিয়া এক হাতে অভয় আশ্রয়,
নির্ভয় করেও পুনঃ দিতে বুঝি প্রচুর অভয়,
কাঞ্চীছলে কটিদেশে বহুহাত ধরিতেছ, যার
কেয়ূরে-কেয়ূরে বাজে 'মাভৈঃ মাভৈঃ' ধ্বনি বারবার
গড়েছ বিরাট বিশ্ব-ভবনের কোণ চতুষ্টয়
নিজ চারিহস্ত তার চারি স্তম্ভ মরকতময়।
'পড়ে যেতে পারে' ভয়ে নাগ-রজ্জু দিয়ে পুনরায়
বেঁধেছ জননি, বন্দি তব সেই সাবধানতায়। ৪

একং রতিশ্রম জড়াকৃতি ভৈরবেণ
মূর্চ্ছৎ সুরেষমৃত-পূরকিরং দ্বিতীয়ম্।
উৎকীল-দৈত্য-সমরানল-লোল মন্যদ্
নানারসং সম মমে জয়তি ত্রিনেত্রম্ ॥৫
বহ্নে স্ত্বিষামিব শিখা রসনা স্মিতানা
মন্ত ধিনোতি রসিতেব শিবে তমোঘ্নী।
দগ্ধাঃ স্বয়ং সুবিততাং লঘবঃ শ্রিতা যাং
সদ্যঃ পতঙ্গ-রভসা যুধি রক্তবীজাঃ ॥৬
নৈতে পদান্ত-গলিতা শ্চিকুরাঃ ফণীন্দ্রা
নেদংশশাঙ্ক-শকলং মণয়শ্চ তেষাম্।
মুক্তা অপি প্রমলিনাঃ কুটিলাশ্চ সর্বে
নৈসার্গিকী হ্যগত মপ্যনুযাতি বৃত্তিঃ ।৭

উৎকীল উচ্ছিথঃ অতিপ্রবৃদ্ধঃ দৈত্যানাং সমর এবানল স্তস্মিন লোলম্। রূপক মলঙ্কারঃ, চতুর্থপাদে পাদত্রয় বাক্যানাং হেতুত্বাৎ-কাব্যলিঙ্গঞ্চ।৫ রসিতা শব্দিতা আস্বাদিতা চ। তমোঘ্নী তিমিরনাশিনী অজ্ঞান নাশিনী চ। ধিনোতি প্রীণয়তি। শ্লেষোপময়োঃ সঙ্করোঽলঙ্কারঃ।৬

ভৈরবের সনে রতি-শ্রমে জড় একটি নয়ন,
অপর, মূর্চ্ছিত দেব-গণে সুধা করিছে বর্ষণ।
তৃতীয়, প্রবল দৈত্য-যুদ্ধানলে সতৃষ্ণ চঞ্চল,
জয়ী মাগো এক কালে নানারস নয়ন সকল।৫
অনলের প্রভামাঝে শিখাসম সশব্দ-ঝলক
স্মিতহাস্য মাঝে জিহ্বা লেলিহান করে লক্‌লক্।
তমোহরা দীর্ঘতরা, যার মাঝে রক্তবীজগণ
ক্ষুদ্র পতঙ্গের বেগে সদ্য-দগ্ধ, হয়ে নিমগন।৬

কস্তে সমোঽস্তি বিততে জগতাং প্রপঞ্চে
লজ্জা যতঃ প্রভবিতা জগতঃ পরায়াঃ।
বাসো দিশঃ পরিলসন্তি তদেব মাত-
র্লজ্জাং কিমৃচ্ছতি জনোঽভিমুখে তিরশ্চঃ ॥৮

দুর্বার-নির্জর-পুর-দ্বিষতাং শ্রিতাসৃঙ্-—
মত্ত-স্রজা দ্যুমণিজেব পয়োজ পঙ্‌ক্ত্যা।
আজানুরাজিত-তনুর্ব্যতনোর্গুণানা
মর্চোচিতেতি গিরিজেঽপ্যসুহৃদ্‌-গতানাম্ ॥৯

মুক্তাঃ মুক্তি প্রাপ্তা বন্ধন-রহিতাশ্চ। মলিনাঃ পাপেন বর্ণেন চ। কুটিলাঃ ক্রূর-স্বভাবাঃ কুঞ্চিতাশ্চ। নৈসর্গিকী স্বভাব-সিদ্ধা। বৃত্তির্বর্তনং ব্যবহারঃ। অপহ্নুতি-শ্লেষ-বিরোধাভাসার্থান্তরন্যাসা অলঙ্কারাঃ।৭

তিরশ্চঃ পশু-পক্ষিণা মিত্যর্থঃ। ঋচ্ছতি গচ্ছতি প্রাপ্নোতি। অত্র বৈষম্যেণ দৃষ্টান্তালঙ্কারঃ।৮

পাদান্তে পতিত এরা নহে কেশ, ভুজঙ্গমচয়,
নহে চন্দ্রকলা এযে তাহাদেরই মণি প্রভাময়।
মুক্ত হইয়াও ওরা হয়ে আছে মলিন, কুটিল,
স্বর্গেও পিছনে ধায় স্বাভাবিক মতিগতি শীল।৭

বিশাল বিশ্বের মাঝে কে আছে মা, সমান তোমার
পরা শক্তি তুমি দেবি, যারে হেরি' পাবে লজ্জা ভার ?
অবাধে তোমার তাই নিরন্তর শোভে দিগ্‌-বসন,
পশু-পক্ষী হেরি' কি গো হয় কেহ লজ্জায় মগন ?৮

ভয়ঙ্করি, দৈত্যদের রক্তমাখা শিরে রচি' মালা
আজানু পরেছ, যেন পদ্ম-পুঞ্জে শোভে ভানু-বালা।

আ-স্কন্ধ-পাদ গলতা মসৃজাং কবোষ্ণা
ধারাদ্বয়ী তড়িদিবাম্বুদ-নীলদেহে।
উদ্বেলিতঃ প্রতিভটৈকন-সঙ্গরাগ্নি-
বৃদ্গাঢ়-কোপ-বিসরঃ স্রবতীব ভীমে ॥১০

নির্জর-পুর-দ্বিষস্তঃ স্বর্গ শত্রবো দৈত্যাঃ। স্রিতাস্ৎ মস্তস্রজা সরক্ত শিরোমাল্যেন। দ্যুমণিজা সূর্যতনয়া যমুনা। পয়োজ পঙ্‌ক্ত্যা পদ্মশ্রেণ্যা। উপমালঙ্কারঃ। পাপীয়সামপ্যসুরাণা মাসীৎ কশ্চিদ্‌ গুণ গরিমা, কথ মন্যথা অপ্রশ্যান্যপি তেষাং শিরাংসি স্রগরূপেণ বক্ষসি দধাসীতি ভাবঃ।৯

উদ্বেলিতঃ অগ্নি-সন্তাপেন তরলিতঃ। প্রতিভটাঃ প্রতিযোদ্ধার।

জানিনা, কি গুণে মাগো দৈত্যদের দিয়েছ সম্মান,
'শত্রুদেরও গুণ পূজ্য' বিতরিছ এই নীতিজ্ঞান?' ।৯
রক্তের দুইটি ধারা স্কন্ধদ্বয় হতে বিগলিত
সুখোষ্ণ, পড়িছে পায়' কালমেঘে বিদ্যুৎ মিলিত।
মনে হয়, তরলিত প্রতিযোদ্ধা-সমর অনলে
গাঢ় কোপ-রাশি তব দু'ধারায় পড়িতেছে গলে' ।১০

চরণ-তরণি-যোগাদাশু মামাশুতোষ-
প্রণয়িনি জগদম্বে তারয়ে বীতভক্তিম্।
বিষয়-বিষ-তরঙ্গে মগ্ন মংহঃ-পয়োধৌ
ন খলু ন দয়তে হম্বা খঞ্জ-কুব্জেহপি সূনৌ ॥ ক

ইতি দশকুসুমে শ্যামাচরণার্চ্চনং নাম
প্রথমঃ স্তবকঃ।

এব ইন্ধনানি যস্য তাদৃশঃ, সঙ্গরঃ সমর এব অগ্নি স্তস্মিন্। উদ্গাঢ়-কোপ-বিসরঃ অতিঘনঃ ক্রোধ সমূহঃ। উপমা-রূপকোৎ প্রেক্ষা অলঙ্কারাঃ। ১০

অংহঃ-পয়োধৌ পাপসমুদ্রে। খঞ্জশ্চাসৌকুব্জশ্চেতি স্নাতানুলিপ্তাদিবৎ দ্বয়ো রেকস্য বিশেষ্যত্ব বিবক্ষয়া বিশেষণ সমাসঃ। অত্র সাঙ্গ-রূপক-দৃষ্টান্তালঙ্কারয়োঃ সংসৃষ্টিঃ। ক

জগদম্বে, বিষয়ের তৃষ্ণা-বিষ-তরঙ্গ-সঙ্কুল
পাপ-সাগরের মাঝে হয়ে আছি নিমগ্ন, আকুল।
চরণ-তরণী-যোগে ভক্তিহীনে তরাও সত্বর
মা নিদয়া কভু নয় খোঁড়া-কুজো ছেলের উপর। ক

মনসি নিহত-শত-দানব-গর্ব্বা
নব-ঘন-রুচি রভিনৃত্যতু খর্ব্বা।
বিহিত-বিবিধ-বিধি-রূপ-বিভক্তি-
র্নিজ-রুচি-রচিত-জগত্যথ শক্তিঃ॥ ১
জলধি-মথন-পরিভূতি মসোঢ়ঃ
পশুপতি ক্বরসি নিধায় পদাব্জম্।
স্তুতি-রত-সুর-নিকরস্য সমস্তাদ্
রসয়তি গলদমৃতৌঘ মপর্ণে॥২

স্তবকে হস্মিন্ চণ্ডী বৃত্তম্। খর্ব্বা মনসি অভিনৃত্যতু ইত্যন্বয়ঃ। নিজ-রুচি-রচিত-জগতী, অথ অনন্তরং, বিহিত-বিবিধ-বিধি-রূপ-বিভক্তিঃ কৃত-নানাবিধানাকার-বিভাগা, সদসৎ কৃত্যাকৃত্য-সুর-নর-তির্য্যগাদিভাগ-বিধাত্রীত্যর্থঃ। বিবিধানুপ্রাসা উপমাচালঙ্কারাঃ। ১ অসোঢ় ইতি কর্ত্তরি ক্তঃ 'অপ্রাপ্তঃ পঞ্চবিংশতি' মিত্যাদিবৎ। সুর-নিকরস্যেতি অনাদরে ষষ্ঠী। পদাব্জমিতি রূপকং, অসোঢ় ইবেতি প্রতীতেঃ প্রতীয়মানোৎপ্রেক্ষাচ। ২

কত দানবের শক্তি-গর্ব্ব যুদ্ধে জননি করেছ খর্ব্ব,
নব-জলধর-কান্তি খর্ব্বা, নাচ মা আমার হৃদয়ে,
নিজ-রুচি-মত রচিয়া জগৎ, করিতে তাহারে সুন্দর, সৎ
নানা ভাগ নানা বিধি-শৃঙ্খলা, আকার দিয়েছ সদয়ে। ১
সাগর-মথনে পেয়ে পরিভব, বিষের জ্বালায় অসহিষ্ণু ভব,
পাদ-পদ্মখানি হৃদে ধরি' তব, বিগলিত-সুধা-পানে
সাগ্রহে যবে ছিলেন ব্যস্ত, চারিদিকে শিবে, তখন ত্রস্ত
দেবতা গণের স্তুতি জানি না মা, পশেছিল কিনা কাণে। ২

সরতি সরস-গুরু-নাভি-তড়াগে
সমভিষবিতুমিব মেচক-কুক্ষৌ।
মরকত-মণিময়-তীর্থ-তরঙ্গৈ-
রজনি জননি ললিতং বলি-ভঙ্গৈঃ ॥৩
তব কর-কিশলয়-শোণরুগগ্র-
প্রবিতত-ভুজ-বিটপেষু বিচিত্রম্।

মেচক-কুক্ষৌ শ্যামলে উদরে সরস-গুরু-নাভি-তড়াগে সজল-গভীর-নাভিরূপ-জলাশয় বিশেষে সমভিষবিতুং স্নাতুমিব সরতি গচ্ছতি সতি। বলি-ভঙ্গৈঃ বলীনা মুদরাবয়ব বিশেষাণাং ভঙ্গৈঃ কৌটিল্যৈঃ। তীর্থ-তরঙ্গৈঃ তীর্থানি ঘট্ট-সোপানান্যেব তরঙ্গা যেষু তৈ স্তাদৃশৈঃ। ললিতং সুন্দরং যথা তথা অজনি জাতং সম্পন্ন মিত্যর্থঃ। স্নানেচ্ছু-কুক্ষে র্গভীর-নাভি-হ্রদাব তরণায বলিভঙ্গাঃ সতরঙ্গ-ঘট্ট-সোপানতাংগতা ইতি সরলার্থঃ। রূপকানুপ্রাসা বলঙ্কারৌ, অভিষবিতু মিবেত্যুৎপ্রেক্ষাচ।৩ কল্পতরোস্তবেত্যন্বয়ঃ। করা এব কিশলয়ানি যেষাংতে, (ভুজ বিটপ-বিশেষণ মেতৎপদমপরঞ্চ সন্নিহিত সমস্তং পদ দ্বয়ম্।) শোণ-রুক্ লোহিত-প্রভ মগ্রং প্রান্তভাগো যেষাংতে, প্রবিততাঃ সমন্তাদ্ বিস্তৃতাশ্চ ভুজা এব বিটপাঃ শাখা স্তেষু। সৎ-পরিণতং

সজল, গভীর, তড়াগ-সমান নাভি-জলাশয়ে পুণ্যস্নান
করিবারে গেলে তব উদরের শ্যাম লোম-রেখা যতনে।
তিন বলি যেন হয়ে তিনখান মরকতময় ঘাটের সোপান
অবতরণের সুবিধা-বিধান করেছে ফুল্ল মনে।৩
কল্পতরু মা তুমি চিরকাল, চারিভুজ তব শাখা সুবিশাল
অরুণ-বরণ-পাণি-পল্লবে রয়েছ নিখিল ধরিয়া।

বিহরতি জগদিহ কল্পতরোঃ সৎ-
পরিণত মপরিণতং গতসংখ্যম্ ॥৪॥*

সরস মসৃণ মধুরায়ত দৃষ্টি—
র্যদি নিপততি জিত-বারিজ-বৃষ্টিঃ।
জননি নিয়তময়ি তত্র ধৃত-স্রগ্
বিহরতি বরিতুমনা ইব মুক্তিঃ ॥৫

সুষ্ঠু পক্বম্। অত্র কর-ভুজয়োঃ কিশলয়-বিটপত্বারোপঃ শাব্দঃ জগতি ফলত্বারোপশ্চার্থঃ ইত্যেকদেশ-বিবর্ত্তি সাঙ্গং রূপক-মলঙ্কারঃ।৪ নিয়তং নিশ্চিতম্। যদি তব তথাবিধা দৃষ্টিঃ পততি (তদা) তত্র দৃষ্টি পাতস্য স্থানে কালে পাত্রে বা মুক্তি বিহরতি। অনুপ্রাসোৎপ্রেক্ষে অলঙ্কারৌ।৫ শ্রুতিঃ স্বয়ং বেদস্বরূপা পক্ষে শ্রবণস্বরূপাচ অসি। অতঃ এবা শ্রুতিঃ বেদঃ শ্রবণঞ্চ তব কাং ক্বচিং শোভাং কলয়তু বিদধাতু ন কামপীত্যর্থঃ। কেবলং জগদুপ-কারার্থমেব ত্বয়ি তিষ্ঠতীতি ভাবঃ। তদেবাহ, অস্যাং শ্রুতৌ বেদে শ্রবণেচ কৃতিনাং জ্ঞানিনাং মুখস্থ মধুনি নির্দ্দোষত্বাৎ প্রিয়-হিত-ত্বাচ্চ মধুস্বরূপে স্মৃত্যাদিরূপে স্তুতিরূপে চ বচসি পততি সতি প্রতিযুগং যুগে যুগে পরিপ্রবানাং পরিপ্লবন হেতুত্বাৎপাপানাং

ইহাতে বিহরে জগৎ-সকল গণনা-অতীত বিচিত্র ফল
কেহ সুপক, কেহঅপক, কত শত রূপ বরিয়া ।৪

---

* তথাচ নির্ব্বাণ তন্ত্রে—'ব্রহ্মাণ্ডস্য বাহ্যদেহো ব্রহ্মাণ্ডা বহবঃ কৃতাঃ।' (২য় পটলে) 'প্রত্যহং পরমেশানি ব্রহ্মাণ্ডা বহবো ভবেৎ।' 'প্রতিদেহং পরমেশানি ব্রহ্মাণ্ডং নাত্র সংশয়ঃ। যন্মধ্যে বর্ত্ততে সাক্ষাৎ ভুবনানি চতুর্দ্দশ' (১০ম পটলে)

শ্রুতিরসি কলয়তু কাংরুচি মেষা
তব জগদুপকৃতি মেব তনোতি।
কৃতি-মুখ-মধুনি পতত্যভয়ে হস্যাং
প্রতিযুগ মবসি পরিপ্লব-ভারাৎ ॥৬

অরুণ মরুণযুত মৈন্দ্রমনন্তং
ত্রপয়তি রুচিভৃতি নাগজ-রাগৈঃ।
ক্ষপয়তু সদৃশি তমাংসি ললাটে
গিরিশ-গৃহিণি তব কোমলকান্তিঃ ॥৭

রিপূণাঞ্চ ভারাদবসি রক্ষসি। একত্র আচার প্রবর্ত্তকানাং পণ্ডিতানাং স্মৃত্যাদিরূপা উক্তি র্বেদানুসারিণী চেৎ লোকানাং সদাচরণাৎ অন্যত্র জ্ঞানিনাং স্তুতি বচাংসি শ্রবণেন্দ্রিয়ং তাং বোধয়তি চেদ্ রক্ষণকারুণ্যসম্ভব ইত্যাশয়ঃ। অভয়ে ইতি সম্বোধনম্। রূপক-শ্লেষাবলঙ্কারৌ।৬ তব নাগজরাগৈঃ সিন্দুররঞ্জনৈঃ। রুচিভৃতি প্রভাসম্পন্নে। সদৃশি লোচনযুক্তে।

পড়ে মা যেখানে তোমার সদয়, আয়ত, মধুর, স্নিগ্ধ দৃষ্টি,
জাগায় সেখানে বিপুল পুলক, জননি জিনিয়া পদ্ম-বৃষ্টি
জগৎ-মাতার করুণা-ধন্যে মান্য করিতে বুঝিয়া যুক্তি
করিতে বরণ যেন মালা-হাতে নিশ্চয়ই সেথা ধায়গো মুক্তি।৫

নিজেই তুমি মা শ্রুতি, শ্রুতি আর কোন শোভা দিতে পারিবে তোমার,
তব জগতের মঙ্গল কাজে কিছুটা শুধু সে লাগে।
হও মা সদয়া, শ্রুতির ভিতরে জ্ঞানীর বচন-মধু যদি পড়ে,
বাঁচাও সত্যে যুগে যুগে, হয়ে' উদ্দাম পাপে আগে।৬

জননি তোমার সিন্দুরে লাল, তৃতীয় নয়নে দীপ্ত কপাল
লজ্জা দিয়াছে নবারুণে লাল প্রাচীর আকাশটিকে।

শিরসি পরুষতর-পিঙ্গ-জটালে
পৃথু-ফণ-ফণিপতি রঞ্জিতনুজে।
অসিত-ধরণিধর-শৃঙ্গ-দবাগ্নি-
ভ্রমি মপহরতি স সুষ্ঠু নিবিষ্টঃ ॥৮

ললাটে অরুণযুতং (বাল) সূর্য্য যুক্তং অতএব অরুণং অরুণবর্ণং ঐন্দ্রং প্রাচ্যং (ঐন্দ্রী প্রাচী দিগিতি শব্দস্তোমমহানিধিঃ, ঐন্দ্র্যা ইদমিত্যণ্) অনন্তং আকাশং ত্রপযতি লজ্জয়তি সতি, কোমলকান্তি র্মনোহরদ্যুতিঃ তমাংসি তিমিরাণি পাপানিচ ক্ষপযতু, পরাজিতস্য লজ্জিতস্য স্বকার্য্যকরণাসম্ভবাৎ তৎকার্য্যং তমঃক্ষয় রূপংকরোত্বিতি ভাবঃ। অত্র দৃশঃ অরুণেন ললাটস্যচ অরুণিতানন্তেন সহ সাম্যমিতি বিম্বপ্রতিবিম্বভাবাদসম্ভববস্তু সম্বন্ধ নিদর্শনা-লঙ্কারঃ।৭ সুষ্ঠু নিবিষ্টঃ সুস্থির মবস্থিতঃ। ভ্রমিং ভ্রমম্। দবাগ্নি শ্চেৎ কুতোহত্র ফণিপতেঃ সুস্থিরা অবস্থিতি রিতি ভ্রমাপহারঃ।৮

পিঠরঃ স্থালী, তদ্রূপেণ সঞ্জাত মিতীতচ্। হরমনু শিবেন সহ, সমতর ভূষণবেশে 'অতিসদৃশালঙ্কার পরিচ্ছদে ইতি সম্বোধনম্। পিঠরিত জঠরাদিভিঃ সহ অজিন বসন মপি ব্যাঘ্রচর্ম্মপরিধেয়মপি পটুত্বং নৈপুণ্যং শিবসাম্যদক্ষতামিত্যর্থঃ। সাধুঃ সাধ্বী স্ত্রিয়াং বা ঙীপ্। অনুপ্রাসো

লজ্জিত-পরাজিতের কাজ—তমোনাশ দেবি নিজে কর আজ
বিতরি, আপন মধুর কান্তি জগতের দিকে দিকে।৭

মাথায় রুক্ষ, পিঙ্গল-বরণ জটাজুট 'পরি তুলি'
বিশাল ফণাটি, ফণিবর এক রয়েছে আপনা ভুলি'।
কালো পাহাড়ের উচ্চ চূড়ায় দাবানল তোমা গণি'
কারও ভুল হ'তে স্থিরভাবে থেকে দেয়নি সে ত্রিলোচনি।৮

পিঠরিত জঠর-জটাহি-কপালৈ
রজিনবসনমপি যাতি পটুত্বম্।
হরমনু সমতর ভূষণবেশে
পতিরতি রয়ি সতি সাধু বিয়ংতে ॥৯
ধ্বনিত কলিতলয়কাল বিশঙ্কে
বিধুবতি সজলধিগোত্র ধরিত্রীম্।
বিদলতি রিপুদল মট্টবিহাসে
দ্রঢয়তি কররুচি মেব তবাস্ত্রম্ ॥১০

হলঙ্কারঃ।৯ অট্টবিহাসে অট্টহাস্যে। স-জলধিগোত্র ধরিত্রীং স-সমুদ্র পর্বত পৃথিবীম্। বিধুবতি কম্পয়তি সতি। সর্বত্র ভাবে সপ্তমী। হসিতেনৈব প্রয়োজন-সিদ্ধৌ অস্ত্রগণঃ কেবলং করশোভামেব বিদধা-তীত্যর্থঃ। অতি-শয়োক্তি রলঙ্কারঃ, অনেক ক্রিয়াস্বেক কারকত্বাদ্ দীপকঞ্চ।১০

থালার মতন গভীর উদর, জটাজাল, সাপ, মাথার খুলি,
চর্ম্মবসন সকলই ধরিছ শিবের মতন কিছু না ভুলি'।
সমান সমান বেশ-ভূষা ধরি' পতি-অনুরাগ গিরিশ-সুন্দরি,
বেশ দেখায়েছ সতি. এই রীতি জগতের শুভকরী।৯
তব অট্টহাস বিকট শব্দে জাগায় পরাণে প্রলয়-ভয়,
কাঁপায় সকল ধরণী-সহিত সপ্ত সাগর, পর্বত-চয়।
করে বিদলিত রিপুদল যত, একাই সে সব করিলে কাজ,
নিষ্প্রয়োজন তব অস্ত্রগণ কেবল হাতের সাজ।১০

মুক্তা গ্রন্থে নিরবধি দদদ্ যাতি নিঃশব্দ মর্থং
পান্থব্রাতো ননু কতি দিনান্যত্র রিক্তোঽহ মাসে।
ভিক্ষাং ভিক্ষে ভবজলনিধে র্নাবিকে পারমেকঃ
ক্ষুদ্রো নো চেদ্, বিতরতি মনাক্ কিংনু সর্ব্বেশ্বরায়াঃ ॥ক

ইতি দশকুসুমে তারাচরণার্চ্চনং নাম
দ্বিতীয়ঃ স্তবকঃ

গ্রন্থেঃ 'গাঁঠ'-ইতি প্রসিদ্ধস্য বস্ত্রাদিকৃত মুদ্রাদি বন্ধনস্য। মুক্তাঃ মৌক্তিকানি। পারগমনস্য মহার্ঘ-বিনিময়তা-বোধনার্থং মুক্তাপদম্। অর্থং প্রয়োজনং পারগমন রূপম্। নম্বনুনয়ে সম্বোধনে বা। রিক্তঃ নির্ধনঃ। আসে তিষ্ঠামীত্যর্থঃ। পারং ভিক্ষাং ভিক্ষে ইত্যন্বয়ঃ। সর্বেশ্বরায়া ইতি সর্বোপপদাদীশঃ ক্বিপ্, ততো বরপদেন সমাসঃ। ততশ্চ সর্বেষা মধীশ্বরায়া ইত্যর্থঃ, যদ্বা 'কালী হৈমবতীশ্বরা' ইত্যমরে পর্য্যায় কথনাৎ সর্বা শিবা, সাচাসাবীশ্বরেতি বিশেষণ সমাসাদ্রূপসিদ্ধিঃ। অত্র বুদ্ধিস্থ তপঃ-সিদ্ধৌ মুক্তাত্বারোপঃ ধ্বন্যতে।ক

গাঁঠের মুক্তা ভাড়া দিয়ে ঘাটে সতত যেতেছে চলিয়া
পথিক সকল, রিক্ত হস্ত, কতদিন্ আছি বসিয়া।
এই ভিক্ষা মাগি, ভব-সাগরের নাবিকে, কর গো পার,
ক্ষুদ্র একজন কিছুই না দিলে কি হবে বিশ্বরাণী-মার ?ক

তৃতীয়ঃ স্তবকঃ

দ্রুহিণ হরি হরেশোত্তুঙ্গ মূর্দ্ধাবনদ্ধ
স্ফুরদমল সুবর্ণ স্বর্ণ সিংহাসনান্তে।
শয়িত গিরিশ নাভে রূর্দ্ধ সংভিন্ন নালে
দর বিকশিত পদ্মে নদ্ধ পদ্মাসনেশা॥

স্তবকে ঽস্মিন্ মালিনী বৃত্তম্। দ্রুহিণো ব্রহ্মা, হরি র্বিষ্ণুঃ, হরো রুদ্রঃ, ঈশ ঈশ্বরঃ। এতেষাং উত্তুঙ্গমূর্দ্ধসু অত্যুচ্চশিরঃসু অবনদ্ধস্য বদ্ধস্য সক্তস্যেতি যাবৎ, শিরোভি র্বাহিতস্যেত্যর্থঃ, তথোক্ত সিংহাসনস্য অন্তে প্রান্তে এক দেশে। গিরিশস্য সদাশিবস্য। দর মীষৎ। শিবস্যৈব রূপবিশেষা এতে দ্রুহিণাদয়ঃ পঞ্চ দেবা দেবীমঞ্চ পরিস্থিতাঃ। উক্তঞ্চ যামল তন্ত্রে ‘ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরশ্চ সদাশিবঃ। এতে পঞ্চ মহাপ্রেতাঃ সিংহাসন পরিস্থিতাঃ। এতে দেব্যাসনস্যাধঃ শিবাঃ পঞ্চ ব্যবস্থিতাঃ’ ইতি। তথাচ শ্রীমচ্ছঙ্করাচার্য্য বিরচিতায়া আনন্দলহর্য্যা অষ্টম শ্লোকস্য ‘সুধাসিন্ধো’ রিত্যাদিকস্য টীকায়া মচ্যুতানন্দেনায়মর্থঃ সুব্যক্তীকৃতঃ—‘তত্র চতুর্ভিঃ শিবৈ র্মঞ্চং বিধায়, পরমশিবং সদাশিবং প্রচ্ছদীকৃত্য তত্রস্থাং দেবী মিত্যর্থঃ ইতি।*

বিধি, হরি, হর এবং ঈশ্বর চার কোণে চার জন
আছেন, বিমল, বর্ণে উজ্জ্বল সোনার সিংহাসন
ধরি’ উচ্চ মাথে, সদাশিব তা’তে করেছেন সুশয়ন।
নাভি হ’তে তাঁর ঊর্দ্ধ-বিস্তার নালে আধফোটা চারু
পদ্মে পদ্মাসনে আসীনা আসনে ভবানী জগৎ-কারু।

---

* অয়মর্থঃ সারদা তিলকে প্রথম পটলে, রুদ্রযামলে পঞ্চবিংশ পটলে শাক্তানন্দতরঙ্গিণ্যাঞ্চ তৃতীয় উল্লাসে উক্তঃ।

অপি হিমগিরি কন্যা কোষ্ণভৃৎ-কোমলাত্মা
জগদপি জনয়িত্রী ষোড়শী সৌম্যকান্তিঃ।
সমুদয়দরুণর্দ্ধি স্পর্দ্ধি বর্ণাপ্যবর্ণা
জয়তি বিমল মৌলী রাজরাজেশ্বরী সা ॥ (যুগ্মকম্) ১

বিকচ নলিন যুগ্ম শ্রীমুষোঃ পাদয়ো স্তে
বিমল-নখর-মুক্তাস্রগ্বিনোঃ শৈল-সূনো।
শিরসি চিকুর জালং বীক্ষ্য পূজাং তম স্তে
রজ ইব তলশায়ী শোণিমা লজ্জয়ান্তে।২

সুবর্ণ স্বর্ণয়ো রেকার্থত্বাৎ পুনরুক্ততা, সুবর্ণ মুত্তম বর্ণমিতি ভিন্নার্থতয়া পরিহারাৎ পুনরুক্তবদাভাসো নামালঙ্কারঃ। পাদত্রয়েঽপি অপি বিরোধে। কোষ্ণভৃচ্চ কোমলশ্চ আত্মা দেহো যস্যাঃ সা। কোষ্ণং ঈষদুষ্ণং, ঈষদুষ্ণ স্পর্শে, তদ্বতি ত্রি'রিতি শব্দস্তোম মহানিধিঃ। জনয়িত্রীতি তাচ্ছীল্যে তৃণ্। সমুদয়দরুণর্দ্ধিঃ উদীয়মান সূর্য্য প্রভাসম্পৎ, তয়া স্পর্দ্ধিতুং শীলংযস্য সঃ তথোক্তো বর্ণো যস্যাঃ সা। অবর্ণা বর্ণরহিতেতি বিরোধঃ, বর্ণঃ স্তুতিঃ বর্ণন মিতি শ্লেষেণ তৎ-সমাধানম্। উপমানুপ্রাস-বিরোধাভাসা অলঙ্কারাঃ।১ পাদয়োঃ শোণিমেত্যন্বয়ঃ। তমঃ পাপং তমোগুণশ্চ। রজো ধূলিঃরজোগুণশ্চ। গুণাবরস্য পূজাদর্শনাদ্ গুণোত্তমস্য লোকলজ্জা চাত্ম-গোপনাদি-চেষ্টা চোপপদ্যত এব। অত্রোপমা-রূপক-শ্লেষোৎ প্রেক্ষাণাং সঙ্করোঽলঙ্কারঃ।২

হিমাচল-সুতা তবু উষ্ণ-যুতা, কোমল শরীর ধরে,
জগৎ-জননী তবু সুবরণী ষোড়শী কান্তি-ভরে।
উদিত তপন জিনিয়া বরণ, লোকে অবর্ণা বলে,
রাজরাজেশ্বরী জয়মা শঙ্করী, মুকুটে রতন জ্বলে।১ (জোড়া)

স্বতনু ধনদ-দত্তং বস্ত্রযুগ্মং বসানা
স্বপটু চরসি লোকাচার মাবৃত্য গাত্রম্ ।
বয়মনুপধি সত্যং কিন্তু বিদ্মঃ স্বরূপং
ন জননি সুত-বুদ্ধিং ছাদয়ে র্মায়য়া তে ॥৩
যদিয় মচলভারং কাঞ্চনী তেঽস্ব কাঞ্চী
নিয়ময়তি নিতম্বং শৈলজে যুক্ত মেতৎ ।

ধনদঃ শিবসখা কুবেরঃ। লোকাচারং বধূনাংগাত্রাবরণরূপম্। অনুপধি অকপটম্। জ্ঞাত-তত্ত্বানাং সকাশে আত্মগোপনং ন সম্ভাব্যতে কিন্তু মহামায়ায়া স্তব ন কিঞ্চিদসম্ভাব্য মিত্যতঃ প্রার্থনেত্যাশয়ঃ।৩ কাঞ্চনী স্বর্ণময়ী ঘাতসহত্ব সুন্দরত্বাদি সম্পন্নেত্যভিপ্রায়ঃ। কাঞ্চী কটিভূষণম্। নিয়ময়তি নিয়ন্ত্রয়তি, যথা ন সুদুর্ব্বহ স্তদ্ভারঃ সম্যগধো-গতোঽনর্থায় স্যাৎ তথোর্দ্ধতঃ সংযময়তীত্যর্থঃ। পরভরসহ-শীর্ষাণি (ভারান্তরে আপতিতে) অন্যভারসহানি শিরাংসি। অবনীভারাদেব ক্ষীয়মানেষু শিরঃসু তাদৃশগুরু-নিতম্বভারবহনং নিতরামসম্ভব মতো নিয়ন্ত্রণং যুক্তমেব। অত্র উপমানু প্রাসাবলঙ্কারৌ।৪

মা তব বিমল শ্রীপদ-যুগল ফুল্ল-কমলাকার
নখ-মুক্তা-মালা-সুষমায় আলা। গরবী রক্তিমা তার,
কালো কেশে হায় আদৃত মাথায় হেরি' তব, যেন লাজে
ধূলির সমান রয়েছে শয়ান পদতলে দীন-সাজে।২
কুবেরের দান মিহি দুইখান পরিয়া বসন, বেশ
বধূটি সেজেছ, আচার রেখেছ ঢাকিয়া গা আর কেশ।
কিন্তু আমাদের আসল রূপের খবর আছে মা জানা,
মায়া দিয়ে আর ছেলেকে তোমার ঢেকোনা, করি গো
মানা।৩

ক্ষয়মবনিভরার্ত্তে যাতি মূর্দ্ধ্নাং সহস্রে
পর ভরসহ-শীর্ষাণ্যেতু কুত্রোরগেশঃ ॥৪
অবিরত-গুরু-ভারোৎপীড়নৈ র্মধ্যভাগং
ব্যথয়তি কুচয়ো স্তে মাত রাভোগ উচ্চৈঃ।
ভুবন মপি পয়োভিঃ পালয়ন্তৌ কথং তৌ
ক্রশিম-লঘু-শরীরো ভঙ্গুরো হ্যসৌ বহেত ॥৫
সরসিজ-সুকুমার্য্যঃ শ্রীভুজাস্তে চতস্রো
জগদুপকৃতি মীপ্সো র্যোগসক্তেশ-কণ্ঠে।
স্ব-নিকৃতি মসহিষ্ণোঃ পুষ্পচাপস্য পাশা
যুগপদিব পতন্ত্যঃ কাম মাপূরয়ন্তি ॥৬

আভোগঃ পরিধিঃ পরিপূর্ণতা বা। ক্রশিমা কৃশতা।
অসৌ মধ্যভাগঃ। অতিশয়োক্তি রলঙ্কারঃ।৫
নিকৃতিং পরাভবম্। কাম মভিলাষং জগদুপকার রূপং যোগভঙ্গ
পূর্ব্বক মীশজয় রূপঞ্চ। উপমোৎ প্রেক্ষে অলঙ্কারৌ ॥৬

গিরি-সম ভার নিতম্ব তোমার, রুধিতে মা চাপ তার
ঘিরে' ধরে' আছে, বেশ করিয়াছে, সোনার চন্দ্রহার।
ধরে' ধরা-ভার ক্লান্ত হাজার শির যার, কোথা আজ
আরও ভার-সহ শিরের সংগ্রহ করিবে সর্পরাজ ?৪
দেহে বে-সামাল, উচ্চ, বিশাল কুচযুগ যেন রাগে
দিয়ে গুরু ভার জননি তোমার পীড়িছে মধ্যভাগে।
কটি কিসে বল, কৃশ, দুর্ব্বল, ভঙ্গ-প্রবণ আর
দিয়ে দুগ্ধ-ধারা বিশ্ব পালে যারা, বহিবে তাদের ভার ?৫
কমল-কোমল তব ভুজদল জগৎ-কল্যাণ-তরে
সমাধি-মগ্ন, যোগ-বিলগ্ন শিবের কণ্ঠ' পরে।

নিবিড়-চিকুর-জাল-চ্ছদ্মনোচ্চৈ স্তমিস্রং
হসতি তব মুখেন্দুঃ সারয়িত্বা নিরঙ্কঃ।
যদমৃত-পরিতৃপ্তো ভূতনাথঃ কপালী
নিখিল-গৃহি-সমৃদ্ধিং সেবতে কৃত্তিবাসাঃ॥৭

ক্ষরতি মধুরিমানং স্নিগ্ধ-মন্দার-কল্পে
বিলসদধর-পট্টে রক্ষিতং সুস্মিতং তে।

তমিস্রং তিমিরম। উচ্চৈঃ সারয়িত্বা উর্দ্ধং চালয়িত্বা। নিরঙ্কঃ নিষ্কলঙ্কঃ। অত্র পূর্ব্বার্দ্ধে অপহ্নুতি স্তথা অধিকারূঢ় বৈশিষ্ট্যবদুপমা, হসতীতি সামান্য ধর্ম্মস্য মুখ ব্যাপারকস্য হাসস্য উপমাসাধকত্বাৎ ইত্যনয়োঃ সঙ্করোঽলঙ্কারঃ। পরার্দ্ধে হেতুং বিনাপি তথাবিধ কপালিনঃ
নিখিল সমৃদ্ধি সেবন রূপ কার্য্যোপত্তে র্বিভাবনালঙ্কারঃ সাচ অমৃত পরিতৃপ্তিরূপ নিমিত্তোক্তেঃ উক্ত নিমিত্তা এবঞ্চ বিশেষোক্ত্যলঙ্কারেণ সঙ্করঃ।৭ ক্ষরতীতি ভাবে সপ্তমী, অধরপট্টবিশেষণম্। রাগরেখাং রক্তবর্ণ পঙ্‌ক্তিং, অনুরাগবিস্তারঞ্চ। অত্র উপমা তথা যোগনীয় রাগরেখা—

যেন মনোভব, নিজ পরাভব, স্মরি' প্রতিশোধ নিতে
এককালে চারি শিবে, পাশ ছাড়ি' গেছেন ফুল্ল-চিতে॥৬

ঘন অন্ধকারে সরিয়ে উপরে নিবিড় কেশের ছলে;
অ-কলঙ্ক-ভাসে মুখ-শশী হাসে। যার সুধা-লাভ-ফলে
চর্ম্ম-বসন, কপাল-ধারণ, ভূতেশ তৃপ্ত হয়ে
গৃহীর বিভব সেবিছেন সব, অতুল ভুবনত্রয়ে।৭

মন্দার-ফুল-বরণ, অতুল, স্নিগ্ধ অধরে মাখা,
তব স্মিত হাসি, সুমাধুরী-রাশি ছড়ায়ে, উজল, পাকা

বিশদ-মনসি শম্ভোঃ ক্ষালিতে যোগনীরৈ
র্জগদুপকৃতি-সিদ্ধ্যৈ রাগরেখাং ততান ॥৮
ত্রিতয় মচলকন্যে চক্ষুষাং দীর্ঘ-দীর্ঘং
যদসিত মপি লক্ষ্যং লম্ভয়েৎ শ্বেতিমানম্।
কিমিদ মভবনীয়ং, স্বেচ্ছয়া তে গিরীশে
পরিমিতি মণুরদ্রে রদ্রি রণ্ব্যেতি চাণোঃ ॥৯
অসিত-নয়নযুগ্ম-চ্ছদ্ম-নীলোৎপলাভ্যাং
মিলিত মতুল শোভং শ্রোত্রয়ো র্দ্বন্দ্ব মম্ব।

পদয়োরারোপঃ শাব্দঃশম্ভু-মনসি চিত্র পটত্বারোপশ্চার্থ ইত্যেকদেশ বিবর্ত্তি রূপকং শ্লেষশ্চেত্যেতেষাং সঙ্করঃ।৮

সুবিশালং চক্ষুষাং ত্রিতয়ং অসিত মপি স্বয়ং কৃষ্ণ মপি, লক্ষ্যং যোগ্যতয়া দর্শনীয়-জনং বা বস্তু বা শ্বেতিমানং শুভ্রতাং (এতেন শ্বেতত্বোপচরিত বৈমল্য-প্রকাশ-প্রসাদানন্দাদি লভ্যতে) লম্ভয়েৎ প্রাপয়তি ইতি যৎ, ইদং কৃষ্ণস্যাপি শ্বেতীকরণং অভবনীয়ং অসম্ভাব্যং কিম্, ন কিমপীত্যর্থঃ। তবেচ্ছাতঃ সর্ব্বমেব সম্ভাব্যতে ইত্যাশয়ঃ। জগদীশ্বর্য্যা স্তবেয়ং বিভূতিঃ স্বল্পা, মহত্যপি সা দৃশ্যতে ইত্যাহ স্বেচ্ছয়েতি। অত্র বিষম মলঙ্কারঃ।৯

আঁকিয়াছে ঘন, রাগরেখা, জন-কল্যাণের প্রয়োজনে,
দেবি যোগজল-ধৌত, বিমল, শিবের শুভ্রমনে।৮
বিশাল, মোহন, তব ত্রিনয়ন, নিজে কালো তবু যারে
দেখে লক্ষ্য করি', মলিনতা হরি' শুভ্র করে মা তা'রে।
ইচ্ছা হলে তব নাই অসম্ভব, শৈল ক্ষুদ্র অণু
ক্ষণে যায় হয়ে, শৈলতনয়ে, অণুও শৈল-তনু।৯

তব হর-বধূ তুষ্টৈ্য সৌষ্ঠবং সেবকানাং
সুকুসুম-বহুলায়াঃ সূচয়ত্যর্চ্চনায়াঃ ॥১০
নিবার্য্যালোলং মে বিবিধ-রস-লৌল্যাৎ করুণয়া
মনঃ পাদাম্ভোজ-প্রসৃত-মধুপানে ভ্রমরয় ।
ন চেন্নিস্তারিণ্যা স্তব জননি নাম্নো হপ্যপযশো
জনন্যাং পুত্রাঘং প্রসরতি চ কীর্ত্তিং হরতি চ ॥ক
ইতি দশকুসুমে ষোড়শী-চরণার্চ্চনং নাম তৃতীয়ঃ স্তবকঃ

আকর্ণ বিস্তৃত-নয়নরূপ-নীলোৎপল দ্বয় দর্শনাৎ সুকুসুম-পূজা সূচিতেতি সরলার্থঃ। অত্র অপহ্নুতি স্তদ্বিচ্ছিত্ত্যানুমানঞ্চালঙ্কারঃ।১০

আলোলং অতি চঞ্চলং অতিতৃষ্ণং বা। নিবার্য্য রসাস্তরাদ্ নিরোধ্য। তথাবিধ মধুপানে ভ্রমরয় ভ্রমরং কুরু। পদ্মমধুনি লব্ধে নান্যলোলতা বর্ত্তিষ্যতে ইত্যভিপ্রায়ঃ। রূপকার্থান্তর ন্যাসয়োঃসংসৃষ্টিরলঙ্কারঃ। শিখরিণী বৃত্তম্।ক

দু'টি নীলোৎপল যেন গো শ্যামল-নয়ন-যুগের ছলে
ছুঁয়ে কুতূহলে শ্রবণ-যুগলে শোভা দিছে পাশে চলে'।
মনে হয় ওমা শঙ্করি, তোমা' তুষিতে ভক্ত-কুল
পূজায় তোমার দেন উপহার ভাল ভাল বহু ফুল।১০
মম নানারস-লোভী ও অবশ ফিরায়ে চপল মনে
পদ-তামরস,—মধুপানে বশ অলি কর ত্রিনয়নে।
নিস্তারিণী নাম না হলে দুর্নাম পাবে তব বিশ্ব-ভরে'
পুত্র পাপ সরে জননী-উপরে, সকল কীর্ত্তি হরে ॥ক

হকারাদাকাশং স-মহি-দহনং শৈল-বলয়ং
কৃশানোরীকারাদনিল-কুল মুৎপাদ্য গলিতৈঃ।
সুধাপূরৈ বিন্দোস্তুহিন-মহসঃ প্লাবন-পরা
ত্রপা-বীজাত্মাসৌ জয়তি ভুবনেশী হর-বধূঃ ॥১
অধোবক্ত্রং রক্তং কনক-বিস-সক্তং প্রণয়বদ্
বলক্ষাঙ্গৈ ভৃঙ্গৈর্ললিত-নখ-ভঙ্গৈ রভিনবম্।
গিরে র্ধন্যে কন্যে জলজমপি মন্যে ন-জলজং
পদ-দ্বন্দ্বং কন্দং গলিত-মকরন্দং ত্রিজগতঃ ॥২

স্তবকেঽস্মিন্ শিখরিণীবৃত্তম্। মহিঃ ক্ষিতিঃ, ঈত্ব-বিধানং বৈকল্পিকম্। কৃশানো রেফাৎ। বিন্দো রনুস্বারাৎ। তুহিন মহসশ্চন্দ্রাৎ গলিতৈঃ সুধাপূরৈরমৃত প্রবাহৈঃ। ত্রপা-বীজাত্মা হ্রীমিতি লজ্জাবীজস্বরূপা।১ বলক্ষাঙ্গৈঃ শ্বেতকায়ৈঃ। নখভঙ্গৈঃ নখখণ্ডৈরেব ভৃঙ্গৈঃ সহ প্রণয়বৎ প্রীতিযুক্তম্। অভিনবং সর্ব্বথা নূতনম্। ন-জলজং অ-জলজাত মপি জলজং পদ্মম্। ত্রিজগতঃ কন্দং মূলম্। অনুপ্রাস-রূপকোৎ প্রেক্ষাণাং সঙ্করোঽলঙ্কারঃ।২

হকার হইতে রচিয়া আকাশ, রকার হইতে করিলে প্রকাশ—
ক্ষিতি-শৈলমালা-অনল-বিভাস, ঈকার হইতে পবনে।
বিন্দু হইতে চন্দ্র-গলিত সুধার ধারায় করিয়া প্লাবিত
আছ লজ্জাবীজ-রূপে সুবিদিত ঈশ্বরি, তুমি ভুবনে।১
জগতের মূল পদযুগ তব, অধোমুখ, লাল, পদ্ম অভিনব,
শুভ্র-নখ-অলি-কুল-গৌরব, স্বর্ণ-মৃণালে লগ্ন।
মকরন্দ-ঝরা জলজ মানি, জল-জাত নয় যদিও বা জানি,
মন-ভৃঙ্গে মোর কর মা শিবানি এ জলজে রস-মগ্ন।২

তুলাকোটি-দ্বন্দ্বং জিত-মধুর-তন্ত্রী-স্বর মিদং
দধদ্ জঙ্ঘাযুগ্মং কনকরুচি লাবণ্যললিতম্ ।
নবৈঃ প্রাতঃস্মেরৈঃ ক্বণিত মধুপৈ শ্চম্পক-চয়ৈঃ
ক্রমাৎ পীনং বৃত্তং রচিতমিব মাতঃ স্ফুরতি তে ॥৩
গুরুত্বং জানীমঃ পৃথুনি দুহিতঃ পর্ব্বতগুরো
স্তব শ্রোণীচক্রে বিপুল বসুধাতো দ্বিগুণিতম্ ।
যত স্তস্তামেকো দ্বিতয় ইহ নাথো হনিল ভুজাং
সমাসক্তো বোঢ়ুং সরস-লস দূরুশ্রিয় ময়ন্ ॥৪

তুলাকোটিঃ নূপুরম্ । তন্ত্রী বীণাবিশেষঃ । জঙ্ঘা গুলফ-জানুনো রন্তরালে অবয়বে । সধ্বনি-নূপুর কনককান্তি লাবণ্যললিত-জঙ্ঘাযুগ্মস্য ক্বণিত-মধুপান্বিত-চম্পকচয়-রচিতত্ব সম্ভাবনয়া উৎপ্রেক্ষালঙ্কারঃ তস্যা শ্চোপময়া সংসৃষ্টিঃ ।৩ শ্রোণী চক্রে ইতি ষষ্ঠ্যর্থে সপ্তমী । দ্বিতয় ইতিদ্বিত্ব সংখ্যাবিশিষ্টঃ । ততশ্চ দ্বাবিত্যর্থাৎ প্রতীয়তে ইতিন বাক্যেদ্বিবচন-প্রয়োজনম্, তথাচ ভারবিঃ 'যদি বায়ৌ দ্বিতয়েহপি তেহচলা' ইতি । উরু-শ্রিয় ময়ন্ উরুশোভাং মৃক্তামিতি যাবৎ গচ্ছন্ । উরুদ্বয়স্যসর্পরাজ-দ্বয়াধ্যবসানাদতিশয়োক্তিঃ, তদ্বিচ্ছিত্যা বসুধায়াঃ শ্রোণীচক্রস্য দ্বিগুণ-ভারানুমানাদনুমানালঙ্কারো ধ্বন্যতে । সরস-লসদিত্যত্র র-লয়োরেকত্বাদ্ যমকঞ্চ ।৪

জিনিয়া বীণার মধুর স্বর, জঙ্ঘা-যুগলে বাজে মা নূপুর
কনক-কান্ত লাবণ্যে পূর, মনে হয় তাহে হেরিয়া—
যেন ভোরে ফোটা, ভ্রমর-ধ্বনিত চাঁপাফুল-রাশি দিয়ে বিরচিত
ক্রমে মোটা গোল আকারে গঠিত রয়েছে শোভায় ভরিয়া ।৩
জানি, তব কটি-ফলকের ভার দ্বিগুণ হইবে বিপুল ধরার,
যেহেতু শুনেছি, বহনে তাহার এক নাগরাজ রয়েছে ।

অতিক্ষামং মধ্যং নমদিব গুরোস্তে কুচভরাৎ
ত্রিভি র্হেমপ্রখ্যৈঃ সুভগ মপিনদ্ধং বলি-গুণৈঃ।
বৃহন্নাভের্বাসাদসিত-ভুজগো দেবি বিবরাদ্
বিনির্গচ্ছন্ যত্রোৎসরতি সতৃষঃ শ্বাস-পবনে ॥৫
সমালম্বা মাত র্ল'লিত-ললিতাঃ পার্ব্বতি ভুজা
শ্চতস্রস্তে দণ্ডাঃ প্রতত-পৃথু-জালাভ-জগতঃ।

হেমপ্রখ্যৈ বর্ণেন স্বর্ণতুল্যৈঃ। বলি-গুণৈঃ বলয় উদরাবয়ব—বিশেষা এব গুণা রজ্জব স্তৈঃ। অপিনদ্ধং বদ্ধম্। সুভগং সুন্দরম্। লোকেঽপি ভঙ্গাশঙ্কয়া রজ্জুভি র্বদ্ধ্বা দৃঢ়ীক্রিয়তে। উৎপ্রেক্ষা-রূপকয়োঃ সংসৃষ্টিরলঙ্কারঃ। অসিত ভুজগঃ কৃষ্ণবর্ণ সর্পঃ। যত্র মধ্যদেশে। শ্বাস-পবনে তব নিঃশ্বাসবায়ৌ সতৃষঃ সাকাঙ্ক্ষঃ পবনাশনত্বাৎ। নাভি বিবরা ন্নুদ্গতা কৃষ্ণা রোমরেখা পবনাশনার্থং গভীর গর্ত্তাদুদ্গচ্ছন্ কৃষ্ণ-সর্প ইবেতি সরলার্থঃ। অত্র 'কথমুপরি কলাপিনঃ কলাপ' ইতিবৎ বিষয়স্য রোম-রেখায়া নিগরণেন বিষয়িনো হসিত ভুজগস্যাধ্যবসায়াৎ অতিশয়োক্তি রলঙ্কারঃ।৫ তব চতস্রো ভুজাঃ প্রততপৃথুজালাভস্য বিস্তৃত-বৃহদ্-জাল-

---

কটির বহনে তুই নাগরাজ নিয়েছে সুন্দর উরুর সাজ,
সমভাবে দোঁহে করিতেছে কাজ, ভারের ঝুঁকিও নিয়েছে।৪
তব মধ্যভাগ কৃশ অতিশয়, কুচ-ভারে নত, যেন, ভঙ্গ-ভয়
পেয়ে, তিন বলি-তিন স্বর্ণময় রজ্জু বেঁধেছে কসে'।
নাভি-গর্ত্ত হ'তে হইয়া বাহির, সেবন করিতে শ্বাস-সমীর
কালো ভুজঙ্গম চলেছে অধীর, উপরের দিকে হরষে।৫
চারি ভুজে কোণ চারটি বাঁধিয়া, বিশাল জগৎ-জালটি পাতিয়া
সনাতনি, সদা আছগো বসিয়া অসতে দণ্ড দিতে,

ঝষপ্রখ্যান্ পাপান্ ব্যথয়তি যদাকুঞ্চন-কৃতিঃ
সুদৃষ্টান্ত স্তত্র প্রবল-দনুজোদ্ঘাটন-বিধিঃ ॥৬
তপশ্চর্য্যাং যস্মৈ নিরবধি সমাধি-স্থির-তনু-
র্নিবধ্নাতি স্থাণু র্নিরুদিত-ভয়ো ব্যাল নিলয়ঃ।
প্রসহ্যান্তঃ স্থিত্বা পিবতি মধু তস্মাদ্ দৃগলিনাং
ত্রয়ং বক্ত্রাম্ভোজাৎ তব, কতিভি রেতন্ন সুকৃতৈঃ ॥৭
পৃথুভূতৈ রঙ্গৈ র্যুবতি রসি শৈলেশ্বরসুতে
নচ প্রেম-প্রোতং ত্যজসি সুভগং শৈশব মুমে।

সদৃশস্য জগতঃ সমালম্বাঃ সম্যগাশ্রয়া শ্চত্বারো দণ্ডাঃ। যেষা-মাকুঞ্চনেন (জালাকুঞ্চনাৎ) মৎস্য সদৃশাঃ পাপিনো ধৃতাঃ পীড্যন্তে ইত্যর্থঃ। তথাবিধ মৎস্য গ্রহণ-জালং (শিব জাল, ধর্ম্মজাল ইত্যাদি—নামভিঃ খ্যাতং) সর্ব্বত্র দৃশ্যতে। উপমারূপকয়োঃ সঙ্করঃ।৬

স্থাণুঃ শাখাদিশূন্য বৃক্ষইব স্থাণুঃ শিবঃ। যস্মৈ যদর্থম্,। প্রসহ্য বলাৎ। অন্তর্মধ্যে। দৃগলিনাং নয়নরূপ ভ্রমরাণাং ত্রয়ম্। সুকৃতৈঃ পুণ্যৈঃ। এতৎ তাদৃশ-তপস্যালভ্য-বক্ত্রাম্ভোজ মধুপানং লব্ধমিতি শেষঃ। অতিশ-য়োক্তি-রূপকে অলঙ্কারৌ।৭ প্রেম-প্রোতং প্রীতি-সম্বদ্ধম্। সুভগং

জালের যখন কর আকুঞ্চন মাছের মতন সব পাপিগণ
ধরা পড়ে' মরে। সে উদাহরণ রেখেছ দৈত্য দলিতে।৬
সর্প-আবাস স্থাণুর মতন চন্দ্রশেখর যাহার কারণ
নির্ভয়ে সদা ধ্যানে মগন, সমাধি-অচল-কায়।
সে-মুখ-কমলে তব, জোর করে' বসিয়া তিনটি নয়ন-ভ্রমরে
মধু পান করে, কত পুণ্য করে' এমন ভাগ্য পায়?৭
শৈলকুমারি, তুমি রূপবতী, অঙ্গে অঙ্গে পুষ্ট যুবতী
কিন্তু মনে গাঁথা শৈশব-প্রতি ভালবাসা যেন ছাড়নি।

বহস্ত্যচ্চৈ রাস্যং স্মিত-সরস মালম্বন মৃতে
সুখং বা দুঃখং বা কিমপি ন চ জানাসি সততম্ ॥৮
গিরঃ পীযূষাণাং তব মদকিরঃ শম্ভুদয়িতে
লবে পীতে যাসাং স্বয়মভিমুখং নূন মতুলম্ ।
সুনাসীরৈশ্বর্য্যং বহুতৃণলঘুত্বং প্রভজতে
সদানন্দঃ সাক্ষী শিখরিণি বসন্ ভিক্ষুরপি সঃ ॥৯
সদা দীপ্তেঽপ্যস্ব প্রুরুচি মিহিরে ভাল নয়নে
সদংশুঃ শীতাংশো শ্চিকুর-বন মংশোঽভি রমতে ।

সুন্দরম্ । আলম্বনং হাস্য রসাশ্রয় বিভাবং হাস্য কারণ মিতি যাবৎ । অঙ্গেন যুবতি মুখেন শিশু রসীতি বাচ্যার্থঃ । বিরোধাভাসো ধ্বন্যতে ।৮

মদকিরঃ আনন্দবর্ষিণ্যঃ তৃপ্তিদায়িন্যশ্চ । যাসাং গিরাম্ । লবে লেশে পীতে পীযূষ সাধর্ম্যাৎ, শ্রুত্যা গৃহীতে ইত্যর্থঃ । সুনাসীরৈশ্বর্য্যং ইন্দ্র-বিভূতিঃ । বহুতৃণলঘুত্বং তৃণস্যেব লঘুত্বং তুচ্ছত্বম্ । সাদৃশ্যে সুপঃ প্রাক্ বহুচ্ প্রত্যয়ঃ । অত্রোপমাধ্বনিঃ ।৯ প্রুরুচি-মিহিরে প্রুরুচ্যা প্রকৃষ্ট-কিরণেন মিহিরে সূর্য্যে মিহির ইব স্থিতে ইতি রূপকম্ । যদ্বা প্রুরুচীতিচ্ছেদঃ

অহেতু সরস মুখে মৃদু হাসি, সদাই রয়েছে সরলতা ভাসি'
কিছুই জাননা সুখ-দুঃখ রাশি, বড় হতে যেন পার নি ।।৮
সুধার তৃপ্তি দেয় তব বাণী, আনন্দের ধারা বহায় শিবানি,
যার কণা পেলে হয়ে অভিমানী, তৃণের সমান গণে
এলেও অতুল ইন্দ্র বিভব । সাক্ষী ইহার রয়েছেন তব
হয়েও পাহাড়ী, ভিক্ষুক ভব, সদানন্দ শিব ভুবনে ।৯
তব দেহাকাশে আছে অনুক্ষণ কপাল-নয়ন দীপ্ত তপন,
তবু চন্দ্রকলা, থেকে স-কিরণ, কেশবন আলো করে ।

অহো তারোৎপ্রাংশুঃ স্রগিয় মমলা রাজতি তরাং
ধ্যানময়েন ধ্যানং বেদান্তোক্তে ব্রহ্মবিষয়ে চিত্ত-স্থৈর্য্যং অথবা তন্ত্রোক্তো ধ্যেয়স্থ চিত্তস্থিরতয়া নিশ্চয়ঃ, তদ্ বহুলেন। বিকট দ্বেষেণ উৎকট-বৈরিতয়া। কৃপাসারং দয়া-বৃষ্টিধারাং, দাব-তাপ-শমনে আসার

গণ্ডে-গণ্ডে গাঁথা তুলি' সোনার কলসগুলি
শুঁড়ের আগায় ধরি' দিক-হস্তী-দল
বাঁকাইয়া উঁচু করে' জননি তোমার 'পরে
ঢালিতেছে সুদুর্লভ পুণ্য সুধা-জল।
দীপ্ত প্রভা-পুঞ্জে হায় চোখ ঝলসিয়ে যায়
তথাপি ধবল-কায় তাহারা যতনে,
কোনো মতে চোখ ধরে' জ্যোতির্ম্ময়ি, ভক্তিভরে
জগৎ-জননি, রত তোমার অর্চ্চনে।১০

কেহ ধ্যান-তপস্যার কেহ তীব্র শত্রুতার
পথে গিয়াছেন, মোর দুই-ই নাই, কি উপায়?

তস্মাত র্ভব-দাব-তাপ-শমনং সর্ব্বার্থ-সিদ্ধাবলং
দীনেঽস্মিন্ কমলাত্মিকে তব কৃপাসারংসদা বর্ষয় ॥ক

ইতি দশকুসুমে কমলাত্মিকা-চরণার্চ্চনং নাম দশমঃ স্তবকঃ।

সমাপ্তঞ্চেদম্ ।

স্যৈব কার্ম্মুকত্বাৎ। ভবে দাবত্বারোপঃ কৃপায়া মাসারত্বারোপে নিমিত্ত মিতি পরম্পরিত রূপক মলঙ্কারঃ। ক

দুর্লভ শান্তির ধাম, কিসে সিদ্ধ হবে কাম ?
আমি আছি মা কমলে শুধু তব ভরসায়।
এই দীনে দিয়ে দৃষ্টি কর সদা কৃপাবৃষ্টি,
ভব দাবানল তাপে জানিমা তা শান্তি দিবে
সকল অভীষ্ট-সিদ্ধি অবাধে হবে মা শিবে।ক

সমাপ্ত

ওঁ নমঃ শিবাভ্যাম্

শিবাষ্টকম্ (ক)

বামার্দ্ধং তব যত্র কর্ব্বুররুচি স্বচ্ছংপরার্দ্ধংসিতং
ভুক্ত্যৈ সন্দধতেসমং বিদধতে স্থিত্যৈ স্বভাবে ভিদাম্।
বিদ্যুদ্‌ভ্রান্তিরুচে শরজ্জলমুচে রূপায় তস্মৈ নমঃ
সর্ব্বেশান্তসুহৃৎ প্রসীদ পরমপ্রজ্ঞাবমূঢ়ে ময়ি॥১

॥ বিবৃতিঃ ॥

(শিবপক্ষে) হে সর্ব্ব, ঈশ, অন্তসুহৃৎ, পরমপ্রজ্ঞ, অবমূঢ়ে ময়ি প্রসীদ। অথবা হে পরম, প্রজ্ঞাবমূঢ়ে ময়ীতি ব্যাখ্যেয়ম্। (শিবাপক্ষে) হে সর্ব্বে, শান্তসুহৃৎ, (ত্বম্) পরমপ্রজ্ঞা (অসি, অতঃ) অবমূঢ়ে ময়ি প্রসীদ। অথবা পরমপ্রজ্ঞাবমূঢ়ে ইতি ময়ীত্যস্য বিশেষণম্।

(উভয়পক্ষে) তব যত্র (রূপে) বামার্দ্ধংকর্ব্বুররুচি (মিশ্রবর্ণশোভম্) পরার্দ্ধং (অন্যদর্দ্ধংদক্ষিণমিত্যর্থঃ) স্বচ্ছং (নির্ম্মলং) সিতং (শুভ্রং) অতএব বিদ্যুদ্‌ভ্রান্তিরুচে শরজ্জলমুচে ইব স্থিতায় (ভ্রাম্যদ্ বিদ্যুৎশোভিত শারদজল ধরবদবস্থিতায় ইত্যর্থঃ) ভুক্ত্যৈ (ভোগায়) সমং (সাধু) সন্দধতে (সংযুক্তায়) স্বভাবে স্থিত্যৈ (স্বরূপাবস্থানায়) ভিদাং (ভেদং) বিদধতে (কুর্ব্বতে) তস্মৈ রূপায় নমঃ।১

॥ অনুবাদ ॥

(শিবপক্ষে) হে সর্ব্ব, ঈশ্বর, তুমি অন্তকালে সুহৃদ ও পরম জ্ঞানের আশ্রয়। আমি অতিশয় অজ্ঞান, আমার প্রতি প্রসন্ন হও। (শিবাপক্ষে)

আকীটংজগদাচতুর্ম্মুখমিদং সৃষ্ট্বাক্ষণং পাল্যতে
ভূয়ঃসংহ্রিয়তে মুহুর্মুহুরিমৈঃ সর্গাবনাসাদনৈঃ।
উন্মত্তাচরণায় তে কলয়তে সর্ব্বেশ্বরত্বং নমঃ
সর্ব্বেশান্তসুহৃৎ প্রসীদ পরম প্রজ্ঞাবমূঢ়ে ময়ি ॥২

(ক) শিবাস্টকরচনেতিহাসশ্চৈবম্—কদাচিদ্ রচয়িতা কামনাবিশেষাৎ সঙ্কল্প্য প্রত্যহমেকৈকং শ্লোকং বিরচয্য তৈরষ্টাহ মেকশঃ পূজায়া মিষ্ট-দেবতা মস্তৌৎ। ফলঙ্কাশাতিরিক্ত মভূদিতি।

(শিবপক্ষে) ইদং আকীটং আচতুর্ম্মুখং জগৎ সৃষ্ট্বা ক্ষণং (অত্যল্পংকাল-মিত্যর্থঃ) পাল্যতে (রক্ষ্যতে) ভূয়ঃ (পুনঃ) সংহ্রিয়তে (বিনাশ্যতে) ইমৈঃ মুহুর্মুহুঃ (বারংবারং) সর্গাবনাসাদনৈঃ (সৃজন পালনসংহরণৈঃ) উন্মত্তা-চরণায় (উন্মাদব্যবহারায়, তথাপি) সর্ব্বেশ্বরত্বং (বিশ্বপতিত্বং) কলয়তে (প্রাপ্তায়) তে (তুভ্যং) নমঃ। (শিবাপক্ষে) ইমৈঃ সর্গাবনাসাদনৈঃ উন্মত্তা (অসি, তথাপি) তে (তব) সর্ব্বেশ্বরত্বং কলয়তে চরণায় নমঃ; অন্যৎ সমার্থম্।২

হে সর্ব্বে, জগদীশ্বরি, শমগুণসম্পন্ন ব্যক্তিগণ তোমার প্রিয়। তুমি পরম জ্ঞানের আশ্রয়। আমি অতিশয় অজ্ঞান। আমার উপর প্রসন্না হও। (উভয়পক্ষে) তোমার যে রূপে বামদিকের অর্দ্ধ ভাগ মিশ্রবর্ণে উজ্জ্বল এবং অন্য অর্দ্ধভাগ স্বচ্ছ ও শুভ্র (সেজন্য মিলিতভাবে) ভ্রমণ রত (ঘুর্ণায়মান) বিদ্যুতে (আংশিক) শোভিত শারদীয় শুভ্র মেঘের মত অবস্থিত, আর যে রূপে উভয় ভাগ, ভোগের জন্য সুন্দরভাবে মিলিত হয়, আবার স্বরূপে অবস্থানের জন্য তেমনই বিভক্ত হয় তোমার সেই রূপকে নমস্কার করি।১

(আটটি শ্লোকেরই শেষ চরণের অনুবাদ একই। এ জন্য পরবর্তী শ্লোকের এই অংশের আর অনুবাদ দেওয়া হইল না।)

গঙ্গাফেণলসৎফণাধরমণিচ্ছায়ংজটায়াং দধা-
স্যজ্ঞার্দ্ধং নয়নং তৃতীয় মলিকে চানঙ্গদর্পাপহম্ ॥
পঞ্চাস্যর্ষভবাহনেশমমুখামর্ত্ত্যস্তুতাঙ্ঘ্রেঽভিতঃ
সর্ব্বেশান্তসুহৃৎপ্রসীদ পরমপ্রজ্ঞাবমূঢ়ে ময়ি ॥৩

(শিবপক্ষে) হে পঞ্চাস্য (পঞ্চানন) ঋষভবাহনেশ (ঋষভবাহনেনেষ্টে ইতি বৃষবাহনেনৈশ্বর্য্যশালিন্ ইত্যর্থঃ, অথবা ঋষভবাহন, ঈশ ইতিচ্ছেদঃ, তথা পাঠে শ্লোকে ভিন্নবাক্যে ঈশশব্দস্য পৌনরুক্ত্যং ভিন্নার্থব্যাখ্যয়া সমাধেয়ং 'সায়াহ্নে বরদাং দেবী' মিত্যাদৌ পুনরুক্ত বরদাদিশব্দবৎ। (ক) অভিতঃ (সমন্তাৎ) ম-মুখৈঃ (ব্রহ্মাদিভিঃ) অমর্ত্ত্যৈঃ (দেবৈঃ) স্তুতৌ অঙ্ঘ্রী যস্য (তৎসম্বোধনম্, ত্বং) জটায়াং গঙ্গাফেন···চ্ছায়ং (শিরঃস্থ-গঙ্গায়াঃ ফেণেষু শিরঃস্থদীপ্ত ভুজঙ্গমমণৌ চ প্রতিবিম্বিত মিত্যর্থঃ) অজ্ঞার্দ্ধং (চন্দ্রার্দ্ধং) অলিকে চ (ভালেঽপি) অনঙ্গদর্পাপহং (কামদেবস্যাজেয়ত্বাভি-মাননাশকং) তৃতীয়ং নয়নং দধাসি (ধারয়সি)।

[(ক) তথাচ (১) ঈঃ লক্ষ্মীঃ, তয়া ঈষ্টে ইতি ঈশঃ দারিদ্র্য দুঃখহরত্বাৎ সম্পৎপ্রদ ইত্যর্থঃ। (২) ইঃ অনুকম্পা, তয়া ঈষ্টে ইতি ঈশঃ, দয়ালু রিত্যর্থঃ। (৩) ইঃ কামঃ, তস্মিন্ ঈষ্টে ইতি বা ঈশঃ কামজিদিত্যর্থঃ।]

(শিবপক্ষে) তুমি ব্রহ্মা হইতে কীট পর্য্যন্ত এই জগৎ সৃষ্টি করিয়া ক্ষণকাল পালন কর আবার সংহার কর। পুনঃ পুনঃ এই রূপ সৃষ্টি পালন ও বিনাশ কার্য্যের দ্বারা উন্মাদের আচরণ করিয়া থাক। তথাপি বিশ্বের ঈশ্বর রূপে সকলের বরেণ্য তোমাকে প্রণাম করি।

(শিবাপক্ষে) তুমি ব্রহ্মা হইতে······কার্য্যের দ্বারা উন্মত্তা হইলেও তোমার বিশ্বের আশ্রয় চরণে প্রণাম করি।২

যদ্ ব্রহ্মাদ্যভিধাভিদাভি রভিন স্তেজো ভুবঃ সিদ্ধয়ে
রক্ষায়ৈ কিল লীলয়া কিয়দিতঃ সংহৃত্য ভূয়োঽর্পিতঃ।
সংরম্ভস্ত্রিপুরেঽমরারিমথন স্তেঽসৌ জয়ত্যদ্ভুতঃ
সর্ব্বে শান্তসুহৃৎ প্রসীদ পরমপ্রজ্ঞাবমূঢ়ে ময়ি ॥৪

(শিবা পক্ষে) হে পঞ্চাস্যর্ষভবাহনে (সিংহোত্তম বাহনে) অভিতঃ শমমুখৈঃ (সংযমপ্রধানৈর্মুনিভি র্মোক্ষপরায়ণৈ র্যোগিভির্বা) অমর্ত্ত্যৈঃ (দেবৈঃ) চ, অথবা শমমুখৈঃ (শাস্তিবাদিভিঃ) অমর্ত্ত্যৈঃ স্তুতৌ অঙ্ঘ্রী (চরণৌ) যস্যাঃ (তৎসম্বোধনং) (ত্বং) গঙ্গাফেণলসদিতিচ্ছেদঃ, গঙ্গাফেণইব লসৎ (শোভমানং শুভ্র মিত্যর্থঃ) ফণাধরমণিচ্ছায়ং (জটাস্থভুজঙ্গমমণৌ প্রতিবিম্বিতং) অব্জার্দ্ধং (চন্দ্রার্দ্ধং) দধাসি। অনঙ্গদর্পাপহমিতি (আকাশগর্ব্বনাশকম্) আকাশস্যাপ্রতিঘাতরূপাসাধারণধর্ম্মস্য দেব্যাস্তৃতীয়নয়নেনান্তর্য্যামিতয়া সর্ব্বত্র নিরতিশয়াপ্রতিহত প্রসারেণাধরীকৃতত্বাৎ, যদ্বা অনঙ্গং মনঃ, তস্য জ্ঞানেন্দ্রিয়ৈক প্রভুত্বাভিমানস্য দেব্যা নয়নেনৈব নিখিল বিষয়া তৃতীয়েন ব্যভিচারিতত্বাৎ।৩

(শিব) হে পঞ্চানন, বৃষবাহন, ঈশ্বর, তুমি জটায় অর্দ্ধচন্দ্র ধারণ করিতেছ, যাহার প্রতিবিম্ব, তোমার মস্তকস্থিত গঙ্গার ফেণ পুঞ্জে এবং সর্পের মণিতে শোভা পাইতেছে, আর কপালে তৃতীয় নয়ন ধারণ করিতেছ, যাহা কামদেবের গর্ব্ব বিনাশ করিয়াছে। ব্রহ্মা প্রভৃতি দেবগণ চারিদিকে থাকিয়া তোমার স্তব করিতেছেন।

(শিবা) হে সিংহবরবাহনে, মুনি, যোগী ও দেবগণ, চারিদিক হইতে তোমার চরণে স্তুতি করিতেছেন। তুমি জটায় গঙ্গার ফেণার মত শুভ্র অর্দ্ধচন্দ্র ধারণ করিতেছ, যাহার প্রতিবিম্ব, মস্তকস্থিত ভুজঙ্গের মণিতে পড়িয়াছে। কপাল দেশে অনঙ্গের (আকাশের বা মনের) গর্ব্বনাশক তৃতীয় নয়ন ধারণ করিতেছ।৩

রুদ্রাক্ষস্রজমাদধৎপ্রিয়তমধ্যানৈকতানাত্মজিৎ
প্রেতেশাধিহৃদম্বুজাসনবিলদ্বামাঙ্ঘ্রিপাথোজনে।
শ্রুত্যাধারশবেক্ষণাশ্রয়লসদ্ভূতে শ্মশানস্থিতে
সর্বেশান্তসুহৃৎপ্রসীদপরমপ্রজ্ঞাবমূঢ়ে ময়ি ॥৫

(শিব পক্ষে) ভুবঃ (পৃথিব্যা ভুবনস্য বা) সিদ্ধয়ে (উৎপত্তয়ে) রক্ষায়ৈ (পালনায়) যৎ তেজঃ (প্রভাবং, পরম জ্যোতিঃ, শক্তিং বা) লীলয়া কিল (ক্রীড়য়ৈব, কিল নির্ণয়ে বার্ত্তায়াং বা) ব্রহ্মাদ্যভিধাভিদাভিঃ (ব্রহ্মাদিনামভেদৈঃ) অভিনঃ (ভিন্নংকৃতবানসি) ভূয়ঃ (পুনঃ) ইতঃ (অস্মাৎ তেজসঃ) কিয়ৎ (কিঞ্চিৎ পরিমাণং) সংহৃত্য (সমাহৃত্য, গৃহীত্বা) ত্রিপুরে (তন্নামকে অসুরে) অর্পিতঃ (নিঃক্ষিপ্তঃ, স্থাপিতঃ) অমরারিমথনঃ (অসুরধ্বংসী, অতএব) অদ্ভুতঃ (বিচিত্রঃ, সৃষ্টি স্থিতি কৃত তেজসো মথনতয়া পরিণমনাদদ্ভুতত্বম্) তে (তব) অসৌ (বিখ্যাতঃ) সংরম্ভঃ (কোপঃ) জয়তি।

(শিবাপক্ষে) অর্পিতঃ (অমরারিষু নিঃক্ষিপ্তঃ) ত্রিপুরে ইতি নামান্তরত্বাৎ সম্বোধনং. অথবা ত্রিপুরে (ত্রিভুবনে) জয়তীত্যন্বয়ঃ। অন্যৎ সমানার্থম্ ।৪

(শিব) তুমি লীলা করিতে ইচ্ছা করিয়া জগতের সৃষ্টির ও রক্ষার জন্য ব্রহ্মা-আদি নাম ভেদে যে তেজকে (শক্তিকে) বিভক্ত করিয়াছিলে ইহা (এই তেজঃ) হইতে আবার কিছুটা আহরণ করিয়া ত্রিপুর অসুরের উপর ক্রোধরূপে নিঃক্ষেপ করিয়াছিলে। তোমার সেই দেবশত্রুমর্দন অদ্ভুত (সৃষ্টি-স্থিতিকারী শক্তির সংহারকরূপে পরিণত হওয়ায় বিস্ময় জনক) ক্রোধ জগতে জয়যুক্ত।

(শিবা) হে ত্রিপুরে, তুমি লীলা······আহরণ করিয়া দেবশত্রুগণের উপর ক্রোধরূপে······জয়যুক্ত ।৪

(শিব পক্ষে) হে রুদ্র, অক্ষস্রজ মাদধৎ (জপমালা ধারিন্) অথবা রুদ্রাক্ষস্রজ মাদধদিত্যেকং পদং, প্রিয়তম (নামান্তরত্বাৎ শিব) (ক) ধ্যানৈকতান (আত্মধ্যানে একাগ্র) অথবা প্রিয়তমস্য (অতি প্রিয়স্য ভক্তস্য) ধ্যানে (কল্যাণচিন্তায়াং) একতান, আত্মজিৎ (মনোজয়িন্, সুখ দুঃখাদিমনোবিকারহীন ইত্যর্থঃ, প্রেতেশ (পিশাচ বিশেষাণা মধীশ্বর) আধিহৃৎ (মানস দুঃখনাশক) অম্বুজাসন (পদ্মাসীন) বিন্দুদ্বামাঙ্ঘ্রিপ (বিধ্বস্তকন্দর্পপাদপ) অথো সমুচ্চয়ে, অজনে (অভব) শ্রুত্যাধার (বেদাশ্রয়) শবেক্ষণ (শবস্যেব ঈক্ষণং যস্য, শববদ্ দৃশ্যমান, দেবীপাদতলে শবরূপতয়াবস্থানাৎ) আশ্রয় (বিশ্বশরণ) লসদ্ভূতে (ভস্মবিভূষিত) শ্মশানস্থিতে (পিতৃবনাখ্য শবসংকার স্থান বাসিন্)

(শিবা পক্ষে) হে শ্মশানস্থিতে (শিবাশ্রয়ে অথবা শ্মশানাখ্যস্থান-বাসিনি) হে প্রেতেশাধি……জনে, (প্রেতেশস্য শিবস্য অধিহৃদম্বুজং হৃৎকমলে আসনং অবস্থিতি র্যস্য তৎ, তচ্চ বিন্দুচ্চ বিনোদনঞ্চ বামাঙ্ঘ্রি-পাথোজনি বামপদকমলং যস্যা স্তৎসম্বোধনম্) হে শ্রুত্যাধারশবে (শ্রুতী কর্ণৌ আধারৌ অধিকরণে যয়োস্তৌ, তাদৃশৌ শবৌ যস্যাং সা, তৎসম্বোধনম্ (খ)। হে ক্ষণাশ্রয়লসদ্ভূতে (ক্ষণাশ্রয়েষু উৎসবগৃহেষু উৎসবা-শ্রয়েষু জনেষু বা, লসন্তী ভূতিঃ সম্পদ্ যস্যাস্তৎসম্বোধনং, জনানামুৎসবস্তৎসম্পদ্বিলাস ইত্যর্থঃ, ত্ব মেব নিখিলানন্দ বীজ মিত্যাশয়ঃ, (ত্বং) রুদ্রা (রুদ্রশক্তিঃ) অক্ষস্রজ মাদধতঃ (জপমালাধারিণঃ) প্রিয়তমস্য (শিবস্য) ধ্যানে একতানা (একাগ্রা) অথবা অক্ষস্রজ মাদধতঃ (জপং কুর্ব্বত ইতি তাৎপর্যং) প্রিয়তমস্য (অতি প্রিয়স্য ভক্তস্য) ধ্যানে (ইষ্টচিন্তায়াং) একতানা আত্মজিচ্চ অসি।৫

(ক) শিবশব্দে শব্দকল্পদ্রুমধৃতশব্দরত্নাবলী।

(খ) 'কর্ণাবতংসতানীতশবযুগ্মভয়ানকা' মিতি ধ্যানে।

নির্ম্মুক্তস্বরকাগ্নিবামনয়নানন্তস্বরূপস্থিতে
ওমাদ্যাপ্তনমঃ শিবায় মনুনাস্পৃষ্টৈঃ প্রজাবৃদ্ধিকৃৎ।
উন্মত্তপ্রমথাধিনাথবিপরীতানঙ্গলীলাকলে
সর্ব্বেশান্তসুহৃৎ প্রসীদ পরম প্রজ্ঞাবমূঢ়ে ময়ি ।৬

(শিবপক্ষে) হে নির্ম্মুক্ত (মায়াতীত, প্রকৃত্যা অসংস্পৃষ্ট) (ক) হে স্বরকাগ্নি......স্থিতে (স্বরাঃশব্দাত্মকা নিষাদাদয়ঃ (খ) কো বিষ্ণুঃ (গ) অগ্নিরনলঃ (ঘ) বামনয়না ভবানী (গ) অনন্তং আকাশঃ (ঘ) এতৎস্বরূপেণ স্থিতির্যস্য তৎসম্বোধনং, উন্মত্ত (ঙ) প্রমথাধিনাথ, বিপরীতানঙ্গলীলাকলে বিপরীতঃ বিপর্য্যস্তঃ অনঙ্গস্য কামস্য লীলাকলিঃ সম্মোহনপুষ্পবাণ-প্রক্ষেপণরূপ বিলাস যুদ্ধং যেন তৎসম্বোধনং, (ত্বং) ওমাদিঃ (ওঙ্কারপূর্ব্বকঃ) আপ্তশ্চ (সত্যশ্চ, অথবা আপ্তানাং রাগদ্বেষাদিশূন্যানাং সত্যদ্রষ্টৄণাময় মিত্যাপ্তঃ, ঋষিভি র্লব্ধশ্চ) যঃ 'নমঃ শিবায়—মনুঃ (তথাখ্যাতো মন্ত্রঃ) তেন

(শিব-) হে রুদ্র, রুদ্রাক্ষমালাধর, তুমি প্রিয় ভক্তগণের শুভচিন্তায় একাগ্র, সুখদুঃখাদি মনোবিকারশূন্য, প্রেতগণের অধিপতি, মানস দুঃখ-নাশক, পদ্মাসনে উপবিষ্ট, কামরূপ বৃক্ষের বিধ্বংসকারী, জন্মরহিত (অনাদি), বেদসমূহের আশ্রয়, দেবীপদতলে শবের মত অবস্থিত, জগতের শরণ্য, ভস্মবিভূষিত ও শ্মশানবাসী।

(শিবা-) হে শ্মশানবাসিনি, তুমি রুদ্রের শক্তি, রুদ্রাক্ষমালাধারী শিবের ধ্যানে একাগ্র (অথবা জপমালাধারী প্রিয় ভক্তগণের শুভ চিন্তায় একাগ্র) শিবের হৃদয়পদ্মাসনে তোমার আনন্দপ্রদ বাম চরণকমল স্থাপন করিয়াছ, তোমার দুই কর্ণে (অলঙ্কার রূপে) দুইটি শব ধারণ করিতেছ, তোমার দেওয়া সম্পদেই জগতের সমস্ত উৎসব হইয়া থাকে, মনের বিকার তোমাকে স্পর্শ করে না ।৫

(ওঁ নমঃ শিবায়েতি ঋষিদৃষ্ট ষড়ক্ষর মন্ত্রেণেত্যর্থঃ আসৃষ্টেঃ (সৃষ্টিকালা-দারভ্য) প্রজাবৃদ্ধিকৃদসি।

(শিবাপক্ষে) হে নির্ম্মুক্তস্বর······স্থিতে (নির্ম্মুক্তস্বরঃ স্বররহিতঃ অকার রহিত ইত্যর্থঃ, কঃ কবর্ণঃ, অগ্নিঃ রকারঃ, বামনয়নং ঈকারঃ, অনন্তং শূন্যং বিন্দুরিতর্থঃ, এতৎস্বরূপেণ ক্রীমিতি বীজরূপেণ স্থিতা অথবা স্থিতির্যস্যাঃ, তৎসম্বোধনম্) উন্মত্তেন প্রমথাধিনাথেন (শিবস্বরূপতয়া মহাকালেন, সহ বিপরীতা (প্রতিকূলা) অনঙ্গলীলাকলা যস্যা স্তৎসম্বোধনম্ (চ) (ত্বং) সৃষ্টেঃ (সর্গস্য) শিবায় (মঙ্গলায়) মনুনা (প্রজাপতি ভেদেন) আপ্ত—নমঃ (প্রাপ্তনমস্কারং) ওঁ (ওঙ্কারস্বরূপা, ব্রহ্ম-বিষ্ণুশিবাত্মিকা পর-ব্রহ্মময়ী) অসি, তথা আদ্যা প্রজাবৃদ্ধিকৃচ্চ (অসি)।৬ (ছ)

(ক) উক্তঞ্চ সারদা তিলকে—'সগুণো নির্গুণশ্চেতি শিবো জ্ঞেয়ঃ সনাতনঃ। নির্গুণঃ প্রকৃতে রন্যঃ সগুণঃ সকলঃ স্মৃতঃ'। ইতি ১।১

(খ) 'বিন্দুঃ শিবাত্মকংবীজ মিতি' 'ভিদ্যমানাৎপরাদ্ বিন্দো রব্যক্তাত্মা রবোঽভবৎ। শব্দব্রহ্মেতি তং প্রাহুঃ সর্বাগম বিশারদাঃ।' ইতি চ সাঃ তিঃ ১।১ তথা 'স্বরময়ঃ' ইতি শিবাষ্টোত্তরশতনাম স্তোত্রঞ্চ।

(শিব-) হে উন্মত্ত, প্রমথপতে, মায়াতীত, তুমি স্বর (শব্দব্রহ্ম), বিষ্ণু, অগ্নি, ভবানী ও আকাশ স্বরূপে অবস্থিত, কামদেবের লীলাযুদ্ধকে বিধ্বস্ত করিয়াছ, সৃষ্টির প্রথম হইতে 'ওঁ নমঃ শিবায়' মন্ত্রে নমস্কৃত হইয়া প্রজা-গণের (জন সমূহের) সমৃদ্ধি দিয়া থাক।

(শিবা-) মা, প্রজাপতি মনু, সৃষ্টির মঙ্গলের জন্য ওঙ্কার স্বরূপা (পর-ব্রহ্মস্বরূপিণী) তোমাকে নমস্কার করিয়াছিলেন। তুমি আদ্যাশক্তি, ক্রীং বীজরূপে তোমার অবস্থিতি, উন্মত্ত প্রমথনাথ মহাকালের সহিত তুমি কামকলায় বিপরীত বিহার লীলা করিয়া থাক। জনগণ তোমার কৃপায় অভ্যুদয় লাভ করে।৬

বৈশন্থ্যাপ্তপশুপ্রিয়াসিতলসৎকণ্ঠস্থমুণ্ডাবলে
শাবাম্ভোজকরাকরাঞ্চিতকটীভূতাচ্যুতারীন্দ্রজিৎ।
পাদাব্জেন সদাস্তুতেন পরিতো দেবৈস্তথা ভৃঙ্গিণা
সর্ব্বেশান্তসুহৃৎ প্রসীদ পরম প্রজ্ঞাবমূঢ়ে ময়ি ॥৭

(গ) তথাচ শিবশব্দে শব্দকল্পদ্রুম ধৃত কৌর্মবচনং —'অয়ং নারায়ণো গৌরী জগন্মাতা সনাতনঃ। বিভজ্য সংস্থিতো দেবঃ স্বাত্মানং বহুধেশ্বরঃ'। ইতি 'ন মে বিদুঃ পরং তত্ত্বং দেবাদ্যা ন মহর্ষয়ঃ। একোঽহং দেবদেবাত্মা ভবানী বিষ্ণু রেবচ।' ইতি চ। দেব্যা বামনয়নাহ্বস্ব মুক্তং কামধেনুতন্ত্রে প্রথম পটলে—'মম কণ্ঠে স্থিতা যা সা শারদা বামলোচনা'। ইতি।

(ঘ) 'রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে' ভীমায় আকাশ মূর্ত্তয়ে, ইত্যষ্টমূর্ত্তিমন্ত্রে।

(ঙ) তথাচ শিব সহস্রনাম স্তোত্রে 'উন্মাদ' ইতি বাণলিঙ্গ স্তোত্রে চ 'প্রমত্তায়' ইতি সমার্থ শব্দৌ।

(চ) 'মহাকালেন চ সমং বিপরীত রতাতুরা' মিতি ধ্যানে।

(ছ) অত্র প্রথমার্থবৃত্তে বিশেষ্যস্য ওঁ পদস্যাব্যয়ত্বাৎ তদ্বিশেষণস্য 'আপ্ত নমঃ' পদস্য চাব্যয়ান্তত্বৈব ন লিঙ্গাদি বিমর্ষ প্রসঙ্গঃ, 'ক্লীবলিঙ্গং ভবেন্নিত্যমব্যয়স্য বিশেষণ মিত্যনুশাসনাদ্ বিশেষণ পদস্য ক্লীবতা চাত্র নিরঙ্কুশৈব।

(শিবপক্ষে) হে বৈশদ্যাপ্তপশুপ্রিয় (বৈশদ্যং শুভ্রতাং নির্মলতাং নির্দ্দোষতাঞ্চ প্রাপ্তঃ প্রাপ্তাশ্চ, পশু বাহনো বৃষঃ পশুপতিত্বাদন্যেচ পশবঃ, প্রিয়ঃ প্রিয়াশ্চ যস্য তৎসম্বোধনম্) অসিত লসৎ কণ্ঠস্থ মুণ্ডাবলে (পঞ্চাননত্বাৎ নীলোজ্জ্বলগলস্থিত মস্তক সমূহ) শাবাম্ভোজকরাকরাঞ্চিত, শাবাম্ভোজস্য (শিরঃস্থবালচন্দ্রস্য) করাকরৈঃ (কিরণসমূহৈঃ) অঞ্চিত

(পুজিত) (ত্বং) কটীভূতাচ্যুতারীন্দ্রজিৎ (কটঃ শরঃ, কটীভূতেন শরতাং স্বীকুর্ব্বাণেন অচ্যুতেন বিষ্ণুনা অরীন্দ্র জিৎ প্রবলারাতি ত্রিপুর বিজয়ী) পরিতঃ (স্থিতৈঃ) দেবৈঃ তথা ভৃঙ্গিণা চ স্তুতেন পাদাব্জেন উপলক্ষিতঃ অসি।

(শিবাপক্ষে) হে অসিতলসৎকণ্ঠস্থমুণ্ডাবলে (শ্যামবর্ণোজ্জ্বল গলদেশাবস্থিত মুণ্ডমালে) (ত্বং) বৈশস্ত্যাপ্তপশুপ্রিয়া (অবিগুণচ্ছাগাদিপশুবলিপ্রিয়া অথবা তপোনির্ম্মল পশুনামকোপাসকবিশেষপ্রিয়া) শাবাম্ভোজ···কটী (শবানা মেতে শাবাঃ, অম্ভোজানীব পদ্মানীব করা হস্তা অম্ভোজকরা স্তেষা মাকরঃ সমূহঃ,। তেন শাবাম্ভোজকরাকরেণ অঞ্চিতা পূজিতা ভূষিতেতি যাবৎ' কটী মধ্যদেশো যস্যাঃ সা, (শবানাং করসংঘাতৈঃ কৃতকাঞ্চীমিতি ধ্যানে) ভূতাচ্যুতা (ভূতৈ দে'ব-যোনি বিশেষৈঃ প্রাণিভিশ্চ প্রেত পিশাচ শৃগালাদিভিঃ) অচ্যুতা (অত্যক্তা, তৈরনুগতেত্যর্থঃ) অরীন্দ্রজিৎ চ (দৈত্যাদি প্রবল শত্রু বিজয়িনী চ) অসি। পাদাব্জেনেতি সমার্থম্।৭

(শিব—) শুভ্র পশু (বাহন বৃষ) তোমার প্রিয়, অথবা পশুপতি তোমার নির্দোষ সব পশুই প্রিয়', নীলবর্ণ কণ্ঠের উপরে তোমার মস্তক সমূহ শোভা পাইতেছে, শিশু চন্দ্রের (অর্দ্ধচন্দ্রের) কিরণসমূহ তোমার পূজা করিতেছে, ত্রিপুর অসুরের বিজয়কালে বিষ্ণু তোমার বাণ (অস্ত্র) হইয়াছিলেন। দেবগণ ও ভৃঙ্গী চারিদিক হইতে তোমার চরণকমলে সর্ব্ব'দা স্তুতি করেন।

(শিবা—) প্রবলশত্রু বিজয়িনী মা, উপযুক্ত (বিহিত) পশু সকল (ছাগ, মহিষ ইত্যাদি) বলি স্বরূপে তোমার প্রিয় অথবা তপস্যায় নির্ম্মল পশু সম্প্রদায়ের উপাসকগণ তোমার প্রিয়। তোমার শ্যামল কণ্ঠদেশে মুণ্ডমালা শোভা পাইতেছে। শবগণের পদ্মের তুল্য হস্তসমূহ দ্বারা তোমার কটিদেশ বেষ্টিত ও শোভিত হইয়াছে। ভূতগণ (ভূত, প্রেত, পিশাচ, শৃগাল ইত্যাদি প্রাণিগণ) তোমার সঙ্গ ত্যাগ করে না। দেবগণ ও ভৃঙ্গী চারিদিক হইতে সর্ব্ব'দা চরণকমলে স্তব করেন।৭

পুম্ভোগ্যাং প্রকৃতিং বুধাঃ কতিপয়ে বিশ্বস্য বীজং বিদুঃ
কেঽপ্যাদর্শনিভেঽমতে বিলসিতং ব্রহ্মণ্যহো তৈরপি।
দ্বৈতাদ্বৈতবচোবিতর্ক কুটিলৈ স্ত্বং হ্যন্যথা গম্যসে
সর্ব্বে শান্তসুহৃৎ প্রসীদ পরমপ্রজ্ঞাবমূঢ়ে ময়ি ॥ ৮

কতিপয়ে বুধাঃ (কপিলাদ্যনুবর্ত্তিনঃ) পুংভোগ্যাং পুংসঃ (পুরুষস্যাত্মনঃ) ভোগ্যাং (সুখ দুঃখাদ্যনুভব সাধিকাং) প্রকৃতিং (প্রধানং) বিশ্বস্য (জগতঃ) বীজং (কারণং) বিদুঃ (ক) কেঽপি (বুধাঃ, শঙ্করাদ্যনুবর্ত্তিনঃ) আদর্শনিভে (দর্পণতুল্যে) ব্রহ্মণি (সচ্চিদানন্দে পরমাত্মনি) অমতেঃ (অপ্রজ্ঞায়াঃ অবিদ্যায়া ইত্যর্থঃ) বিলসিতং (বিলাসং, তজ্জনিতং মিথ্যাজ্ঞানং) বিশ্বস্য (জগৎপ্রপঞ্চস্য) বীজং বিদুঃ (খ) অহো (আশ্চর্যম্) দ্বৈতাদ্বৈত বচো বিতর্ক কুটিলৈঃ (দ্বৈতাদ্বৈত বাদয়োর্বিতর্কেণ বিবিধেন বিরুদ্ধেন চ বুদ্ধিসাধ্যবিচারেণ) কুটিলৈঃ (বক্রৈঃ, স্ব স্ববুদ্ধি গৃহীতানেক মার্গিভি রিত্যাশয়ঃ) তৈরপি বুধৈঃ অন্যথা (ভিন্নমার্গেণ, ভিন্ননাম্নাচ) ত্বং হি (ত্বমেব) গম্যসে (জ্ঞায়সে, লভ্যসে) (গ) ৮

কতিপয় জ্ঞানী, পুরুষভোগ্যা প্রকৃতিকে জগতের মূল কারণ বলেন, আবার কতিপয় জ্ঞানী বলেন—দর্পণের মত স্বচ্ছ পর ব্রহ্মে অবিদ্যার বিলাসই জগৎরূপ মিথ্যাজ্ঞান সৃষ্টি করে। আশ্চর্যের বিষয়—ইহারা সকলেই দ্বৈতবাদ ও অদ্বৈতবাদের জটিল বিতর্ক করিলেও ভিন্ন পথে ও ভিন্ন নামে (চরমে) তোমাতেই গিয়া থাকেন। ৮

(ক) সত্ত্ব রজস্তমসাং সাম্যাবস্থা মূল প্রকৃতিঃ। বিকারস্য চ মহদাদেঃ প্রকৃতি জন্যত্বাৎ কার্য্যকারণয়ো শ্চাভেদাৎ প্রকৃত্যভিন্নত্বম্। তেনাত্র চতুর্ব্বিংশতিতত্ত্বান্যেব প্রকৃতি শব্দ বাচ্যানি। পুংভোগ্যা মিতি বিশেষণং সাক্ষিণোঽপি ভোক্তুঃ পুরুষস্য প্রকৃত্যা সহ বিম্বপ্রতিবিম্বভাবেন সংযোগস্য

জগতি যদি সমস্তং ত্বন্ময়ং বিশ্বসূতে
ব্রজসি বিকলবাচোঽপ্যাত্মনা গোচরত্বম্ ।
ইতি কৃপণমতে রপ্যুক্তি পুষ্পাঞ্জলি র্মে
স্তব ইব হরচন্দ্রস্যাস্তু পাদাব্জগস্তে ॥ ৯

ইতি শিবাষ্টকং নাম শিবয়োঃ শ্লিষ্টং স্তোত্রং সমাপ্তম্ ।

বোধনার্থং, সৃষ্টৌ তথা ভোগে তথাবিধ সংযোগস্যৈব কারণত্বাৎ। উক্তঞ্চ কারিকায়াম্—তস্মাৎ তৎসংযোগাদচেতনং চেতনাবদিব লিঙ্গম্। গুণ-কর্তৃত্বে চ তথা কর্ত্তেব ভবত্যুদাসীনঃ ॥ পুরুষস্য দর্শনার্থং কৈবল্যার্থং তথা প্রধানস্য। পঙ্গ্বন্ধ বদুভয়ো রপি সংযোগস্তৎকৃতঃ সর্গঃ ইতি

(খ) তথাচ শেষনাগীয় পরমার্থসারম্—"আদর্শে মলরহিতে যদ্বদ্ রূপং বিচিন্ত্যতে লোকঃ। আলোকয়তি তথাত্মা বিশুদ্ধবুদ্ধৌ স্বমাত্মানম্ ॥ ইতি রজ্জ্বাং নাস্তি ভুজঙ্গঃ সর্পভয়ং ভবতি হেতুনা কেন। তদ্বদ্ দ্বৈত বিকল্প ভ্রান্তি রবিদ্যা ন সত্য মিদম্ ॥" ইতি চ

(গ) উক্তঞ্চ—

"রুচীনাং বৈচিত্র্যাদৃজু কুটিল নানাপথ জুষাং
নৃণামেকো গম্য স্ত্বমসি পয়সা মর্ণব ইব ॥"

হে বিশ্বসূতে (জগতো জনক, জননিচ) ত্বন্ময়ং (অবয়বে ময়ট্) তবৈবাঙ্গ মিত্যর্থঃ। তদেত্যুহ্যম্। বিকলবাচঃ বিকলা (স্বভাবহীনা সামর্থ্যহীনা বা) বাক্ (বাক্যং) তস্যাঃ, (অথবা বিকলবাচো জনস্য) অপি, আত্মনা (স্বয়মেব), গোচরত্বং (প্রত্যক্ষতাং) ব্রজসি (গচ্ছসি) ইতি (হেতোঃ) কৃপণমতেরপি (মন্দবুদ্ধেরপি) হর চন্দ্রস্য মে (মম) উক্তি—পুষ্পাঞ্জলিঃ (উক্তয়ঃ অনন্তরোক্ত শ্লোকাষ্টক রূপা এব পুষ্পাণি, তেষা মঞ্জলিঃ) স্তব ইব (স্তোত্র মিব, স্তবার্থসম্পাদিহীনোঽপীত্যাশয়ঃ) তে (তব) পাদাব্জগঃ (চরণকমলগতঃ) অস্তু। ৯

হে বিশ্বের জনক ও জননি, জগতের সব কিছুই যদি তোমার অবয়ব (অঙ্গ), তাহা হইলে তুমি নিজেই বিকল (অস্বাভাবিক ও শক্তিহীন) বাক্যেরও (অথবা বিকলবাক্য ব্যক্তিরও) গোচরে (প্রত্যক্ষজ্ঞানে) রহিয়াছ। এই জন্য অল্পবুদ্ধি আমি হরচন্দ্র, উক্তিরূপ (পূর্ব্বোক্ত আটটি শ্লোকরূপ) পুষ্পসকল দ্বারা (তোমাকে) যে অঞ্জলি দিয়াছি তাহা (বিকল হইলেও) স্তবের মত তোমার পাদপদ্মে স্থান লাভ করুক। ৯

শিবাষ্টক সমাপ্ত

প্রার্থনা

পিতঃ পূতে স্তোত্রে তব সুবিশদে মন্দমতিনা
ক্বচিৎ ক্ষিপ্তো মোহাৎ কু-বিবৃতিকলঙ্কো যদি ময়া।
শিশোঃ কুড্যে শুভ্রে সুশুচিনি মসীলেখ ইব মে
স দোষঃ ক্ষন্তব্যোঽহ পরিণতধিয়ঃ স্নেহজলধে॥

হে স্নেহ-সাগর পিতৃদেব, তোমার পবিত্র সুনির্মল স্তোত্রে মন্দবুদ্ধি আমি যদি কোথায়ও কুব্যাখ্যা করিয়া কলঙ্ক (দাগ, বৈরূপ্য) দিয়া থাকি তাহা হইলে শুভ্র-বিমল গৃহ-ভিত্তিতে (ঘরের দেয়ালে) অপরিণতবুদ্ধি শিশুর কালির লেখার (বা রেখার) মত আমার সেই দোষ ক্ষমা করিবে।

সেরপুরের কবি-পণ্ডিত

(ময়মনসিংহের 'সৌরভ' পত্রিকার জন্য বহু বৎসর
পূর্ব্বে (১৩৩৫) লিখিত প্রবন্ধের নকল)

লেখক—**শ্রীযুক্ত সতীনাথ স্মৃত্যাদিতীর্থ**
অধ্যাপক—**দৌলতপুর সুরধুনী** বিদ্যালয়-পাবনা,
অধ্যক্ষ—**হেমচন্দ্র চতুষ্পাঠী**, হেমনগর, ময়মনসিংহ,
অধ্যাপক—**ভূদেব চতুষ্পাঠী**, হুগলী,
গভর্ণমেণ্ট পরিচালিত সংস্কৃত পরীক্ষাসমিতির সদস্য ও পরীক্ষক
(সম্প্রতি পরলোক গত)

এই, উপাদেয় প্রবন্ধটি অনেক দিনের পুরাতন হইলেও কবির জীবনের অনেক জ্ঞাতব্যপূর্ণ বলিয়া মুদ্রিত হইল। ইতি

শ্রীঅলকেশ চক্রবর্ত্তী
(প্রকাশক)

পূজ্যপাদ অধ্যাপক স্বর্গীয় হরচন্দ্র কাব্যতীর্থ মহাশয় বহুকাল পূর্ব্বেই লোকান্তরিত হইয়াছেন। তাঁহার জ্যেষ্ঠপুত্র, আমার প্রিয়তম ছাত্র, মনাশ-মনো'হর বিদ্যালয়ের অধ্যাপক পণ্ডিত শ্রীমান্ কুমুদচন্দ্র স্মৃতি ব্যাকরণতীর্থ আমাকে উক্ত অধ্যাপক মহাশয়ের সম্বন্ধে সাক্ষাৎ দ্রষ্টা হিসাবে কিছু লিখিতে অনুরোধ করিয়াছেন। আমি ইহাতে সানন্দেই সম্মতি দিয়াছি। সেরপুর সহরে অন্তেবাসী (ছাত্র) থাকিয়া অধ্যাপক মহাশয়ের শ্রদ্ধেয় চরিত্রে যাহা যাহা প্রত্যক্ষ করিবার সৌভাগ্য হইযাছিল সে-সবের স্মৃতি আমার মনে এখনও বড় একটা ম্লান হইয়া পড়ে নাই। তবু ভয় আছে, আমার ত্রুটিতে তাঁহার বরেণ্য চরিত্রের অনেক কিছুই হয়তঃ অনুক্ত থাকিবে।

অধ্যাপক কাব্যতীর্থ মহাশয়ের কর্ম্মকেন্দ্র ও পরবর্ত্তী নিবাস ছিল ময়মনসিংহ জেলার সেরপুর সহরে। তৎকালে সেরপুর ছিল সংস্কৃত শিক্ষার অন্যতম বিশেষ স্থান। ঋষিকল্প অদ্বিতীয় পণ্ডিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন, মহামহোপাধ্যায়, চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়, স্বনাম-ধন্য পরমাচার্য্য পণ্ডিত দুর্গাসুন্দর কৃতিরত্ন মহাশয়, প্রতিভাদীপ্ত অসাধারণ পণ্ডিত হরসুন্দর তর্করত্ন মহাশয় প্রমুখ মনীষিগণ সেরপুরকে গৌরব মণ্ডিত করিয়া ছিলেন। বহুদূর হইতে শিক্ষার্থিগণ সংস্কৃত পড়িবার বাসনায় তখন সেরপুরে যাইতেন। আমি সেই উদ্দেশ্যেই পাবনা জেলা হইতে একদা সেখানে যাই এবং পণ্ডিত কাব্যতীর্থ মহাশয়ের আশ্রয় ও স্নেহ লাভ করি। সে-সময়ে কেবল সংস্কৃত শিক্ষারই নহে স্কুলের শিক্ষারও সেরপুরে যথেষ্ট সুবিধা ছিল। স্কুলের শিক্ষার জন্যও বাহিরের বহু ছাত্র সেখানে যাইতেন। তত্রত্য কীর্ত্তিমান্ ভূম্যধিকারিগণ এবং বিশিষ্ট অধিবাসিগণ স্থানীয় ও দূরাগত ছাত্রগণের শিক্ষার ব্যবস্থায় অতিশয় যত্নবান্ ছিলেন।

পণ্ডিত কাব্যতীর্থ মহাশয়ের সৌম্যমূর্ত্তি, সস্মিত ভাষণ ও ধীর-মধুর

ব্যবহার সকলকে মুগ্ধ করিত। সম্ভ্রান্ত ও সাধারণ সকল পরিচিত লোকেই তাঁহাকে শ্রদ্ধা করিতেন। প্রত্যহ বহু কাজ তিনি করিতেন। তাঁহাকে কর্ম্মহীন অলস অবস্থায় বড় দেখি নাই। ব্যস্ততা কখনও তাঁহার কোনও কাজের সৌষ্ঠব নষ্ট করিত না। যখন যে কাজ করিতেন, তাহা যথা সম্ভব সুন্দর পরিমিত ও সামঞ্জস্যপূর্ণ হইত। প্রত্যূষে উঠিতেন, আহ্নিক কৃত্য পূজা জপাদিতে অনেকক্ষণ লাগিত। বাড়ীতে টোল ছিল, দুইবেলা ছাত্রগণকে নিয়মিত পড়াইতেন। 'ভিক্টোরিয়া একাডেমী' উচ্চ ইংরেজী বিদ্যালয়ে প্রধান সংস্কৃত শিক্ষকের পদে কার্য্য করিতেন ও বাহিরে মধ্যে মধ্যে বিশেষ অনুষ্ঠানে অধ্যাপক-নিমন্ত্রণে যাইতেন। বাড়ীতে বহু সম্ভ্রান্ত ও বিদ্বান ব্যক্তি, কাব্যতীর্থ মহাশয়ের নিকট সমাগত হইতেন। নানা শাস্ত্র গ্রন্থের গম্ভীর আলোচনা, ব্যাখ্যা এবং সরস আলাপ ইত্যাদি চলিত। স্থানীয় বিশেষ বিশেষ সভা-সম্মেলনে পণ্ডিত মহাশয় অপরিহার্য্য ছিলেন। জমিদার বাড়ীতে বিশেষ উপলক্ষ্যে পণ্ডিত-সভা বসিত। তাহাতে তাঁহার উপস্থিতি বিশেষ কাম্য ছিল। পণ্ডিত মহাশয় প্রত্যহ দিনে নানা কর্ম্মে ব্যাপৃত থাকিতেন, নৈশ আহারের পর কয়েক ঘণ্টা নিয়মিত লেখাপড়া করিতেন। অনেকদিন কাজ করিতে করিতে অনেক রাত্রি পর্য্যন্ত নিদ্রা যাইতেন না। কিন্তু প্রত্যূষে উঠিতে বা নিত্য কর্ম্মে কোনদিনই বাধা হইত না।

সেরপুরের ও বাহিরের বহু ছাত্র কাব্যতীর্থ মহাশয়ের নিকট শিক্ষালাভ করিয়া ছিলেন। সেরপুরের ভূম্যধিকারী ও সরকারী উচ্চপদাধিকারী শ্রীযুক্ত জ্ঞানেন্দ্র মোহন চৌধুরী প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ তাঁহার গুণানুরক্ত ছাত্র, যাঁহারা জীবনে সুপ্রতিষ্ঠ ও আজ প্রৌঢ় বা বৃদ্ধ।

সেরপুরের খ্যাতিমান্ কবি 'দশানন বধ'-রচয়িতা জমিদার শ্রীযুক্ত হরগোবিন্দ লস্কর চৌধুরী মহাশয় কাব্যতীর্থ মহাশয়ের নিকট সংস্কৃত সাহিত্য অধ্যয়ন করিয়া গুরুদক্ষিণা স্বরূপ কিছু ভূসম্পত্তি দান করিয়া

ছিলেন। তাঁহার সুবিখ্যাত গ্রন্থ রচনায় কাব্যতীর্থ মহশেয়ের সাহায্য সেরপুরের সুধী সমাজে সুবিদিত।

বিদ্যোৎসাহী ও বিদ্বান্ 'কুসুমস্তবক' 'আর্য্যনারী' 'কুসুমকোরক' প্রভৃতি গ্রন্থের, প্রণেতা, কীর্ত্তিমান ভূম্যধিকারী ৺কিশোরী মোহন চৌধুরী মহাশয়, পণ্ডিত মহাশয়কে বিশেষ শ্রদ্ধা করিতেন। তিনি অনেক মূল্যবান্ গ্রন্থ কাব্যতীর্থ মহাশয়কে দান করিয়াছিলেন। সুবিখ্যাত ভূম্যধিকারী ৺হরচন্দ্র চৌধুরী মহাশয় কাব্যতীর্থ মহাশয়কে যথেষ্ট ভাল বাসিতেন। তিনি তাঁহার দারিদ্র্য ও অন্ন চিন্তা দূর করিয়া দিবেন বলিয়া ছিলেন। পর পর অনেকদিন তিনি কি পরিমাণ ভূসম্পত্তি দিলে নিরুদ্বেগে সংসার চলিতে পারে তাহা জানিতে চাহিয়া ছিলেন। কিন্তু সদাতুষ্ট কাব্যতীর্থ মহাশয় উত্তরে কোনদিনই নিজের প্রয়োজন সম্বন্ধে কিছু বলেন নাই, 'চৌধুরী মহাশয় যাহা ভাল মনে করেন করিবেন' বলিয়া অন্য প্রসঙ্গ তুলিয়া ছিলেন। ঘটনাক্রমে চৌধুরী মহাশয় সহসা একদিন বাগ্‌রুদ্ধ অবস্থায় লোকান্তরিত হন। কাব্যতীর্থ মহাশয়ের বিশেষ বান্ধবগণ এ ব্যাপারে দুঃখিত হইলেও তাহাকে কোনদিন দুঃখ প্রকাশ করিতে দেখা যায় নাই।

একবার মহারাজ সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরী বাহাদুর শিকার উপলক্ষ্যে তাঁহার সেরপুরের মহালে গিয়াছিলেন। সেখানে তাঁহার সহিত স্থানীয় বহু বিশিষ্ট ব্যক্তি সাক্ষাৎ করিয়াছিলেন। শ্রদ্ধেয় রামশঙ্কর ভাদুড়ী মহাশয়ের পরামর্শক্রমে কাব্যতীর্থ মহাশয়ও মহারাজ বাহাদুরের সহিত সাক্ষাৎ করেন। দুই তিন দিন আলাপের পর এবং ভাদুড়ী মহাশয়ের প্রমুখাৎ সমস্ত পরিচয় জানিয়া মহারাজ বাহাদুর খুব সন্তুষ্ট হন এবং কিছু সাহায্যের প্রয়োজন থাকিলে জানাইতে বলেন। কিছু না চাহিলে অশোভন হইবে জানিয়া তিনি শেষ পর্য্যন্ত অধ্যয়ন-অধ্যাপনার সুবিধার্থে কয়েকটি মুদ্রিত পুস্তক প্রার্থনা করেন। কাব্যতীর্থ মহাশয়ের

সুললিত বিবিধ-ছন্দে রচিত অনুপ্রাস-মধুর 'সূর্য্যকান্ত প্রশস্তি'র শেষে প্রার্থনাটি আছে—'বিস্তীর্ণং নৈষধাব্দং লিখিতু মিদ মহং নো সমর্থঃ সটীকম্' ইত্যাদি শ্লোকে। ভূসম্পত্তি প্রার্থনা না করায় বৈষয়িকগণ তাঁহাকে নির্বোধ মনে করিয়াছিলেন।

কাব্যতীর্থ মহাশয় আজন্ম দরিদ্র হইলেও স্বাবলম্বী ও আত্মাভিমানী ছিলেন। বহু সুযোগ সত্ত্বেও কোনদিন কাহারও নিকট আর্থিক সাহায্য প্রার্থনা করেন নাই। অনেক অযাচিত ও অবাঞ্ছিত দান প্রত্যাখ্যান করিয়াছেন। সারা জীবন অসৎ-প্রতিগ্রহ দৃঢ়তা সহকারে উপেক্ষা করিয়াছেন। ভীতিজনক প্রতিক্রিয়ার সম্ভাবনাময় পরিস্থিতিতেও তিনি ছিলেন আপন নীতিতে অটল। তাঁহার পোষ্যও নেহাৎ কম ছিলনা—নিজ পরিবার ছাড়াও ছাত্রগণ ও কয়েকজন আত্মীয় তাঁহার পরিবারে সাদরে স্থান পাইয়াছিলেন। বরেণ্যা মা (উপাধ্যায়ানী) শ্রীযুক্তা মনোমোহিনী দেবীর গুণে সুন্দর ভাবেই সংসার চলিত। আমরা আহারে কোনদিন দৈন্যের লক্ষণ দেখি নাই। মার পরিকল্পনা, উৎকৃষ্ট রান্না ও সস্নেহ-মধুর পরিবেশনে আমরা পরম তৃপ্তি পাইতাম। আহারাদি সমস্ত পারিবারিক ইতিকর্ত্তব্যের ভার মা অন্নপূর্ণার উপরই ছিল। আজ বুঝি, কর্ত্তব্য যথাশক্তি সুষ্ঠুভাবে করিতে যে সংযম, নিষ্ঠা ও দূরদৃষ্টির প্রয়োজন তাহা এই দম্পতির ছিল। সেজন্য দারিদ্র্য কখনও অতৃপ্তি, অচলতা বা হা-হুতাশ আনিতে পারে নাই।

সেরপুরের প্রখ্যাত ৺তারিণীচরণ মৈত্র মহাশয় ছিলেন কাব্যতীর্থ মহাশয়ের অন্তরঙ্গ বান্ধব ও সহায়। তিনি বাসের জন্য ভূমি দিয়াছিলেন, টোলের জন্য বার্ষিক সাহায্য করিতেন।

প্রখ্যাত ৺রামশঙ্কর ভাদুড়ী মহাশয় তৎকালে কার্য্যব্যপদেশে সপরিবারে সেরপুরে বাস করিতেন। তাঁহার সহিতও কাব্যতীর্থ মহাশয়ের খুব অন্তরঙ্গতা ছিল। মৈত্রবাড়ী, ভাদুড়ী মহাশয়ের বাসা,

শ্রীযুক্ত কুমুদ লাহিড়ী মহাশয়ের বাড়ী ও কাব্যতীর্থ মহাশয়ের বাড়ী কাছাকাছি ছিল। মৈত্র বাড়ীকে কেন্দ্র করিয়া এই চারিটি পরিবারের সম্প্রীতি ও সহযোগ বিশেষভাবে উল্লেখযোগ্য ছিল।

পণ্ডিত মহাশয় সেরপুরে ও বাহিরে মধ্যে মধ্যে অধ্যাপক নিমন্ত্রণে যোগদান করিতেন। পণ্ডিত-সভায় তাঁহার সুখ্যাতির অনেক বিবরণ আমি জানি। প্রবন্ধের অতিবিস্তার ভয়ে সেই সকল কথা লিখিতে বিরত হইলাম। মুক্তাগাছা আটআনী রাজবাড়ীর কর্ত্রী স্বনামধন্যা পুণ্যশীলা বিদ্যাময়ী দেবী মহাভারত প্রতিষ্ঠার বিরাট অনুষ্ঠান করিয়াছিলেন। মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয়ের অধ্যক্ষতায় ও উপস্থিতিতে এই অভূতপূর্ব্ব মহাযজ্ঞ সম্পাদিত হইয়াছিল। দেশ-বিদেশের বহু পণ্ডিত ইহাতে আহূত ও সৎকৃত হইয়াছিলেন। কাব্যতীর্থ মহাশয়ও নিমন্ত্রিত হইয়া তাহাতে যোগদান করিয়াছিলেন। মহাভারতের ব্যাখ্যা প্রসঙ্গে পণ্ডিত সংসদে একজন বিদেশী খ্যাতনামা পণ্ডিতমহাশয়ের সহিত তাঁহার মতদ্বৈধ, বিতর্ক ও বিচার চলিয়াছিল। শেষ পর্যন্ত মধ্যস্থ পণ্ডিত মহাশয়গণ কাব্যতীর্থ মহাশয়ের মতেরই সমর্থন করেন। এই বিচারে তাঁহার নানাশাস্ত্রে জ্ঞানের গভীরতা লক্ষ্য করিয়া পণ্ডিতবৃন্দ সাধুবাদ করিয়াছিলেন। এই ঘটনায় তিনি সুধীসমাজে খুবই প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন।

অধ্যাপক কাব্যতীর্থ মহাশয়ের পৈতৃক নিবাস ছিল ময়মনসিংহ জেলার সুসঙ্গ রাজধানীর অদূরে অবস্থিত ভাটনীচকা পল্লীতে। তাঁহাদের ১৩।১৪ পুরুষ ঊর্দ্ধতন বাসুদেব বিদ্যাভূষণ ফরিদপুর অঞ্চল হইতে আসিয়া সুসঙ্গের রাজা মল্লিক জানকীনাথের আশ্রয় গ্রহণ করেন। তাঁহারা কান্য কুব্জাগত সুষেণ হইতে অধস্তন পঞ্চবিংশ পুরুষ শ্রীবাস আচার্য্যের বংশধর, কাশ্যপ গোত্র শ্রোত্রিয় ব্রাহ্মণ। এই বংশে বহু পণ্ডিত জন্মগ্রহণ করিয়াছিলেন।

১২৬৯ বঙ্গাব্দে পণ্ডিত কাব্যতীর্থ মহাশয়ের জন্ম। তিনি যখন ছয় মাসের শিশু তখন তাঁহার পিতা স্মার্ত্ত পণ্ডিত শম্ভুনাথ বাচস্পতি মহাশয় পরলোকগমন করেন। তদীয় মাতুল পাঁচপাই-শিমুলাটি নিবাসী বিখ্যাত পণ্ডিত কালীকিশোর বিদ্যারত্ন মহাশয়, ভগিনী ও ভাগিনেয়কে স্বগৃহে লইয়া আসেন। ভাগিনেয়ের লালন পালন, শিক্ষা-সংস্কারাদি সমস্তই পরম যত্নে তিনিই করিয়াছিলেন। সপ্তম বৎসর বয়সে মাতৃ-বিয়োগ ঘটে। নবম বৎসরে বিদ্যার্থী হইয়া শেরপুরে যান ও দেবচরিত্র কৃত্তিরত্ন মহাশয়ের আশ্রয় ও স্নেহলাভ করেন। সুদীর্ঘকাল কৃত্তিরত্ন মহাশয়ের অধ্যাপনায় তিনি নানাশাস্ত্রে ব্যুৎপত্তি লাভ করেন। কৃত্তিরত্ন মহাশয়ের সুযোগ্য পুত্র, বহরমপুর জুবিলী টোলের অধ্যাপক, বিখ্যাত আলঙ্কারিক পণ্ডিত শ্রীযুক্ত শশি কুমার বিদ্যাভূষণ মহাশয়ের সহিত পণ্ডিত কাব্যতীর্থ মহাশয়ের গভীর অন্তরঙ্গতা ছিল। উভয়ে বাল্যকাল হইতে সহোদর—প্রায় থাকিয়া একত্রে শিক্ষা-দীক্ষা লাভ করিয়াছিলেন। ভিক্টো-রিয়া একাডেমী' স্কুলের প্রধান পণ্ডিতের কার্যভার গ্রহণ করিয়া আবাল্য পরিচিত সেরপুরের প্রতি ক্রমেই অনুরক্ত হইয়া পড়েন। মাতুল বিদ্যারত্ন মহাশয় তাঁহাকে বিবাহ করাইয়া শিমুলাটি গ্রামে বাড়ী করিয়া দেন ও খামার জমির ব্যবস্থাও করেন। কয়েক বৎসর বাড়ীতে ও সেরপুরে থাকিয়া পরে স্থায়িভাবেই তিনি সেরপুরে চলিয়া আসেন। সেরপুরের উজ্জ্বলতা তাঁহার মুমূর্ষু পৈতৃক পল্লীতে বাসের প্রতি বৈমুখ্য আনিয়াছিল।

১৩১১ সনের জ্যৈষ্ঠ মাসে মাত্র ৪২ বৎসর বয়সে তিনি সেরপুরে দেহত্যাগ করেন। তাঁহার নশ্বর দেহ সেরী নদীর তীরে সংকৃত হয়।

সম্প্রতি কবি কাব্যতীর্থ মহাশয়ের রচিত পুস্তকাদির একটু সংক্ষিপ্ত বিবরণ দিয়া এই প্রবন্ধের উপসংহার করিব।

১। দশকুসুমম্। ইহা দশ মহাবিদ্যার স্তোত্র কাব্য। কবির সমস্ত রচনার মধ্যে কেবল এই কাব্যটিই ১২৯৬ সনে (বগুড়া যন্ত্রে)

মুদ্রিত হইয়াছিল। ইহাতে দশ দশটি কুসুমে সুষমিত দশটি স্তবক দ্বারা দশমহাবিদ্যার অর্চ্চনা করা হইয়াছে। প্রত্যেক স্তবকের শেষে একটি করিয়া প্রার্থনা শ্লোক আছে। ইহা স্তোত্র কাব্য হইলেও সরস-ললিত পদন্যাস, ভাবগৌরব ও ভক্তিপ্রবণতায় কবির এক উৎকৃষ্ট সৃষ্টি। কবি কাব্যের প্রথমে পিতৃ-পরিচয় ও গোত্র উল্লেখপূর্ব্বক মহাবিদ্যার উদ্দেশে গ্রন্থ উৎসর্গ করিয়াছেন। তৎপর পূজ্যপাদ কৃত্তিরত্ন মহাশয়কে উহা প্রদত্ত হইয়াছে। এই উৎসর্গ (প্রতিপত্তি) ও দানের (উত্তরপত্তির) শ্লোকগুলিও বড় সুন্দর, কবিত্বে বিনয়ে ও ভক্তিতে স্নিগ্ধ ও পবিত্র। কৃত্তিরত্ন মহাশয়ের উদ্দেশ্যে লিখিত শ্লোকের একটি নমুনা দিতেছি—

পরঃশতানাং পঠতাং বটূনা
মহর্নিশং যস্য গুরো র্যশাংসি।
শ্রুতি স্মৃতি গ্রন্থন-হারি-কর্ণা
সরস্বতী স্তৌতি বিশুদ্ধবর্ণা ॥

এইরূপ শ্লেষালঙ্কার ঘটিত রচনা পুস্তকে বহু স্থলেই আছে। পদ-ন্যাসের একটু নমুনা দেখুন—

অধোবক্তুং রক্তং কনক বিসসক্তং প্রণয়বদ্
বলক্ষাঙ্গে ভৃঙ্গৈ র্ললিত নখভঙ্গৈ রভিনবম্।
গিরে র্ধন্যে কন্যে জলজমপি মন্যে ন-জলজং
পদদ্বন্দ্বং কন্দং গলিতমকরন্দং ত্রিজগতঃ ॥ (৪।২)

মনোহর পদন্যাস দশকুসুমের প্রায় সর্ব্বত্র। আবার কবিতার অঙ্গে অঙ্গে বিবিধ অলঙ্কারের সঙ্গও চমৎকার সৌন্দর্য্যভঙ্গী আনিয়াছে। যেমন—

নৈতে পদান্তগলিতা শ্চিকুরাঃ ফণীন্দ্রা
নেদংশশাঙ্কশকলং মণয়শ্চ তেষাম্।

মুক্তা অপি প্রমলিনাঃ কুটিলাশ্চ সর্ব্বে
নৈসর্গিকী হ্যগত মপ্যনুযাতি বৃত্তিঃ ॥ (১।৭)

শিরসি পরুষতর পিঙ্গ-জটালে
পৃথুফণ-ফণিপতি রদ্রিতনূজে।
অসিত ধরণি-ধর-শৃঙ্গ-দবাগ্নি—
ভ্রম মপহরতি স সুষ্ঠু নিবিষ্টঃ ॥ (২।৮)

অপি হিম গিরি কন্যা কোষ্ণভৃৎ-কোমলাত্মা
জগদপি জনয়িত্রী ষোড়শী সৌম্যকান্তিঃ।
সমুদয়দরুণর্দ্ধি-স্পর্দ্ধিবর্ণাপ্যবর্ণা
জয়তি বিমল মৌলী রাজরাজেশ্বরী সা ॥ (৩।১)

এখানে কয়েকটি শ্লোক নমুনা স্বরূপ উদ্ধৃত করিয়াছি। আশা করি সংস্কৃত-রসিক পাঠক ইহাতে ধৈর্য্য-চ্যুত হইবেন না। দশকুসুম বিবিধ সাহিত্য সম্পদে সমৃদ্ধ। ভক্তি প্রবণ কবি, মহাবিদ্যার স্তবে স্থানে স্থানে তাঁহার প্রাণের যে আবেগ প্রকাশ করিয়াছেন তাহা বিশেষ উপভোগ্য। মায়ের চরণে কুসুমাঞ্জলি দিয়া মর্মস্পর্শী ভাষায় তিনি আকূতি প্রকাশ করিয়াছেন—

মুক্তা গ্রন্থে র্নিরবধি দদদ্ যাতি নিঃশব্দ মর্থং
পান্থব্রাতো ননু কতিদিনান্যত্র রিক্তোঽহ মাসে।
ভিক্ষাং ভিক্ষে ভবজলনিধে র্নাবিকে পার মেকঃ
ক্ষুদ্রো নো চেদ্ বিতরতি মনাক্ কিংনু
সর্ব্বেশ্বরায়াঃ ॥ (২।ক)

দশকুসুমে ভক্ত সন্তান, মায়ের দিগ্‌বসন ২।৩ জায়গায় বিভিন্ন দৃষ্টিতে দেখিয়াছেন। এক জায়গায়—

কস্তে সমোঽস্তি বিততে জগতাং প্রপঞ্চে
লজ্জা যতঃ প্রভবিতা জগতঃ পরায়াঃ।
বাসো দিশঃ পরিলসন্তি তদেব মাত
র্লজ্জাং কিমৃচ্ছতি জনোঽভিমুখে তিরশ্চঃ॥ (১৮)

দশকুসুম হইতে কয়েকটি শ্লোক উদ্ধৃত করিলাম, অন্যান্য রচনার আলোচনায় সে-লোভ সংবরণ করিব।

মুদ্রিত দশকুসুম প্রায় নিঃশেষ ও জীর্ণ হইয়া পড়ায় পুনর্মুদ্রণের প্রয়োজন হইয়াছে। জানিনা ইহা সম্ভব হইবে কিনা বা কবে হইবে?

২। শুকদূতম্। এই রস-ঘন খণ্ডকাব্যটি সংস্কৃত সাহিত্যের এক নূতন সম্পদ। রস, ভাব, অলঙ্কার, ধ্বনি ইত্যাদি সাহিত্যিক সৌন্দর্য্যে ইহা সমুজ্জল। কবি. মহাকবি বাণভট্টের কাদম্বরী হইতে আখ্যানসূত্র নিয়াছেন আর মহাকবি কালিদাসের অমর কাব্য মেঘদূতকে করিয়াছেন রচনাদর্শ। বলা বাহুল্য, রচয়িতা, মেঘদূতের প্রথাই খানিকটা নিয়াছেন. কথা নহে। কাব্যটি, উপজীব্য মেঘদূতের সমধর্ম্মী হইয়াও রচনায় স্বাধীন, আপন সৌন্দর্যে (সাদৃশ্য ও বৈসাদৃশ্য উভয় দিক্ দিয়াই) রসবিৎ পাঠকের মনে মেঘদূতের মাধুরীর স্মৃতি উপস্থিত করে, নিজের বৈশিষ্ট্য অব্যাহত রাখিয়াই যেন নূতন মেঘদূতের আস্বাদ দেয়।

শুকদূত কাব্যে কবি, অনিবার্য কারণেই মেঘ পথের কতকটা পথ (দশপুর পর্যন্ত) এবং কতকগুলি বর্ণনীয় গ্রহণ করিয়াছেন বা করিতে বাধ্য হইয়াছেন। মেঘ উজ্জয়িনী হইতে যে পথ ধরিয়া উত্তর দিকে গিয়াছে শুককেও উজ্জয়িনী হইতেই উত্তর দিকেই পাঠাইতে কবিকেও সেই পথ ও বিখ্যাত বর্ণনীয়গুলি নানা কারণেই নিতে হইয়াছে।

কল্পিত দৃশ্যের অবতারণার অবকাশ এখানে নাই। কারণ, সেই প্রদেশে স্থানগুলি অদ্যাপি প্রায় রহিয়াছে, কোন কোন স্থানের বর্ত্তমানে নামান্তর হইলেও খ্যাতি আছে। মহাকবি ভৌগোলিক সত্যতার ভিত্তিতেই পথ চিত্রিত করিয়াছিলেন। সেই পথ বাদ দিয়া কল্পিত পথ ধরিলে লোকের বিশেষতঃ তদ্দেশবাসীর নিকটে তাহা অবাস্তব হেতু অশ্রদ্ধেয় ও হাস্যকর হইত। এই ভয়েই বোধহয় রচয়িতা কালিদাসের পথ ধরিয়াছেন ও যথাস্থানে ছাড়িয়াছেন। কিন্তু মহাকবির স্থানাদি কবি কেবল নামতঃই গ্রহণ করিয়াছেন। মেঘদূতের বর্ণনায় সমুজ্জ্বল চিত্র-গুলিকে বর্ণনীয় হিসাবে গ্রহণ ও নূতন আলোকে আলোকিত করাটাকে কবির অসামান্য সাহস ও শক্তির পরিচায়ক মনে করি।

মহাকবি বাণভট্টের বিখ্যাত রচনার দুইটি অসামান্য বাগ্-ধারা কবি শুকদূতের দুইটি শ্লোকে (উত্তর—২য় ও ৮ম) অনুসরণ করিয়াছেন। পদ্য কাব্যে এই দুষ্কর অনুসরণ, একদিকে কবির অসামান্য শক্তির অন্য-দিকে যেন মহাকবি-বন্দনার চমৎকার রীতির পরিচায়ক হইয়াছে।

৩। চন্দ্রহংসচম্পূ। ইহা চম্পূ অর্থাৎ গদ্য পদ্যময় কাব্য। প্রসিদ্ধ চন্দ্রহংস ও ধৃষ্টবুদ্ধির আখ্যায়িকা অবলম্বনে রচিত। কাব্যটির রচনা ও কবিকল্পনা বড় সুন্দর। পাঁচ অধ্যায়ে সম্পূর্ণ।

৪। ধনঞ্জয় বিজয়ম্। এই আরব্ধ মহাকাব্যের তৃতীয় অধ্যায়ের কিয়দংশ পর্যন্ত পাওয়া গিয়াছে। অন্য অংশ রচিত হয় নাই বা বিনষ্ট হইয়াছে বলিবার উপায় নাই। ধৃতরাষ্ট্রের সভায় ব্যাসের আগমন, শকুনি কর্ণ ও দুর্য্যোধনের মন্ত্রণা ইত্যাদি পড়িতে মনে হয়, যেন মাঘকাব্য পড়িতেছি। রচনায় কৌটিল্য কামন্দক প্রভৃতির অর্থ শাস্ত্রের অনেক কথার মর্ম্ম সরসরূপে পরিবেশিত হইয়াছিল। অপূর্ণ কাব্য সম্বন্ধে অধিক কিছু বলিবার নাই। আমাদের দুর্ভাগ্য, সম্ভাবনাপূর্ণ উজ্জ্বল পরিণতি দর্শনের আনন্দ জুটিলনা।

৫। ঘটোৎকচ সম্ভব। বাংলা ভাষায় রচিত মহাকাব্য, পঞ্চদশ সর্গে সমাপ্ত। মহাভারতের জতুগৃহ দাহের ভীষণ অগ্নিশিখায় আরব্ধ এবং পাণ্ডববধূ হিড়িম্বার সূতিকা মন্দিরের আনন্দময় স্নিগ্ধ আলোকে সমাপ্ত। কাব্যে কবির রচনাশৈলী অব্যাহত। ছন্দঃ প্রধানতঃ অমিত্রাক্ষর, কোন কোন সর্গে মিত্রাক্ষরও গৃহীত হইয়াছে। একটি সর্গে ভীম-হিড়িম্বার হিমালয়-বিহার উপলক্ষ্যে নগাধিরাজের বর্ণনায় যমক অলঙ্কারের অপূর্ব্ব সৌন্দর্য্য বিশেষ ভাবে উপভোগ্য। কাব্যে কুন্তী, যুধিষ্ঠির প্রভৃতির চরিত্র-চিত্রণ অনবদ্য। এই কাব্য সম্বন্ধে বিশেষ ভাবে বলিতে হইলে স্বতন্ত্র প্রবন্ধের প্রয়োজন। কবির জ্যেষ্ঠপুত্র সুপণ্ডিত শ্রীমান কুমুদচন্দ্র এই কাব্যটি প্রকাশের জন্য চেষ্টিত। তাহা সম্ভব না হইলে কালান্তরে এই কাব্য সম্বন্ধে কিছু লিখিবার ইচ্ছা রহিল।

উল্লিখিত কয়েকটি গ্রন্থ ব্যতীত মেঘদূতের সুবিস্তৃত টীকা, নানাবিধ প্রবন্ধ, দ্ব্যর্থবোধক শিবাষ্টক নামক শিব-শিবার স্তোত্র, অনেকগুলি পাণ্ডিত্যও কবিত্বপূর্ণ প্রশস্তিপত্র ও নিমন্ত্রণ পত্রাদি পাওয়া গিয়াছে। আমি সবগুলি রচনা দেখিবার সুযোগ পাইনাই।

উপসংহারে বক্তব্য, এই প্রবন্ধের কিছু অংশ স্বর্গত অধ্যাপক মহাশয়ের মাতুলপুত্র, প্রখ্যাত স্মার্ত্ত পণ্ডিত শ্রীযুক্ত কালীচন্দ্র স্মৃতিতীর্থ মহাশয়ের এবং কিছু অংশ শ্রীমান্ কুমুদ চন্দ্রের নিকট হইতে জানিয়া লিখিত হইয়াছে।

হেমচন্দ্র চতুষ্পাঠী
পোঃ হেমনগর
জেঃ ময়মনসিংহ

ইতি
শ্রীসতীনাথ দেবশর্ম্মা

শুদ্ধি পত্র

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৩	১০	নৌ	ণেং
ং	১৩	সা	স
৯	৯	গ	গ্
,,	১১	যোদ্ধারা	যোদ্ধারঃ
১১	৩	মন	ঘন
১৩	১	প্রথমঃ	দ্বিতীয়ঃ
২২	৮	ম	ম্
২৭	৮	ধৈর্য্য	ধৈর্য্যঃ
৩৬	৬	দশাকুসুম	দশকুসুমেঃ
৪২	১০	তিষাং	ত্রিষাং
৫১	১১	অড়ি	অ্ভি
,,	১৯	বূ	বু
৫২	৮	মহদ	মহদ্
,,	১১	সম্ভাব্য	সম্ভাব্য-
৫৩	১৮	গিরিশ	গিরিশ,.
৫৫	৬	ত্তূ	ত্তু
৫৮	১২	দহ	দহ
৬০	১৪	বিসরঃ।	বিসরঃ
৬২	৩	ধূ	ধু
৬৫	৮	তস্মি	তস্মিন

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
৬৫	২১	কনলা	কমলা
৬৬	৯	দ্বী	দী
”	১৩	র্ধ্ব	ধ্ব
৬৭	৮	ভ্রজি	ভ্রাজ
”	১২	রুহো	রুহো
”	১৬	হি	ঝি
৭০	৪	দ্রূ	দ্রু
”	৭	স্রক	স্রক্
৭১	৪	দৃষ্টি	দৃষ্টি
৭৬	৩	ষৈ	ষৈ
৭৯	২	স্থি	স্থি
৮০	৬	তর্থ	তার্থ

কবে রস্য রচনাসু

১। শুকদূতম্ (মুদ্রিতম্)

২। দশকুসুমম্ ,,

৩। শিবাষ্টকম্ ,,

৪। চন্দ্রহংসচম্পূঃ (মুদ্রাপ্যমানা)

৫। ধনঞ্জয় বিজয়ম্ (অমুদ্রিতম্)
(মহাকাব্যং, অসম্পূর্ণম্)

৬। মেঘদূত টীকা (অমুদ্রিতা)
(সুবিস্তৃতা, অসমাপ্তা)

৭। প্রবন্ধাবলী ,,
(অত্র ভাষালঙ্কারাদিমঞ্জুলানি পদ্ম-খড়্গ-মুরজাদি বন্ধ-শোভিতানি বিবিধ নিমন্ত্রণপত্রানি তথা বিবাহাদি সভাসু প্রদত্তানি আশীর্ব্বাদ প্রশস্তি পত্রাণি বিবিধাশ্চ-প্রবন্ধাঃ সন্তি)

৮। ঘটোৎকচ সম্ভব (অমুদ্রিত)
(চতুর্দ্দশ সর্গে সমাপ্ত, বঙ্গভাষায় রচিত মহাকাব্য। সর্গসকল বিবিধ মিত্রাক্ষর, অমিত্রাক্ষর ও বাংলায় রূপায়িত সংস্কৃত ছন্দে নিবদ্ধ)